atoms. This conscious principle is God, which is supported by *S'ruti* text also. It has been stated that when God is awoken, the world becomes active. When this cold-hearted one is sleeping, the whole world becomes inactive. The ignorant individual being is not the controller of his happiness and misery. They go to heaven or hell being guided by God. *Prakṛti* creates the whole kinetic and static world being supervised by Him.

It has been mentioned earlier that God is inferred as the creator of the world and also an agent of conjoining the atoms at the time of creation. Secondly, the elements, which have got weight, cannot exist in void. If a stone is thrown upward, it will fall down. We can say such type of sustenance is a kind of effort. When a bird flies, it does not fall down though it has some weight due to having some effort in it. Similarly, there must be some effort with the aid of which this world is not falling down though it has got some weight. But if the bird is shot down, it will fall down as its effort ceases. But in reality it is found that the world, though having some weight, is not falling down. So it can reasonably be concluded that there must be some effort. As the weight of this world is beyond the weight of every perceptible elements of this world, none except God can convey an effort or support to this world. This particular function is called *dhṛti* or upholding the universe. The term *ādi* incorporated with the term *dhṛti* signifies the destruction also which is caused by someone having effort. In other words, the whole world starting from the universe to dyadic compound is destructible by someone having some effort, because it is destructible in nature, just like a tearing cloth (*Brahmaṇḍādidvyaṇḍukaparyantam jagat prayatnavat vinas'yam vinās'yatvāt pāt'yamānapāt avat*).

The existence of God can be proved from the fact of the destruction and creation of this world. The world is created or destroyed by God's will. The existence of an agent of such activities has to be inferred. This agent is not available among the human beings having limited knowledge and capacity. Hence God is to be accepted as the agent of the same, because He has no limitations or bindings: At the time of destruction of this world only atoms exist and nothing else. When creation starts, it starts with the combination of atoms, which can be successfully accomplished by God alone. Because He alone knows the minutest character of atoms and acquires the power of combining two minutest atoms.

Another argument for the existence of God is forwarded with the word- *padāt* ,

which etymologically means something by which the object of usages is known (*padyate gamyate vyavahārāngamartho 'neneti*). From this it is known to us that the meaning of the term '*pada*' is the verbal usages of the old (*vr̥ddhavyavahāra*) from which the Divine existence is established. The syllogistic argument will be of the following type: 'The expertise of a weaver in producing a cloth etc, the verbal usage of the human beings and the usage of the letters etc lie on an independent being, as it is a case of verbal usage'. This independent being is God.<sup>12</sup>

God can also be established with the help of *pratyaya* i.e., authority of having strong belief. No one can have trust on something if it does not have any authority. The continuous trust on verbal testimony is caused by the attribute in the form of right cognition of the sentence meaning, as it is a kind of *pramāṇa*, like perception etc. As the great persons have always admitted its authority, it cannot be said that it lacks *pramāṇya*. It is beyond the purview of an individual having limited knowledge to know the virtue and vice and hence the possibility of having an attribute in the form of right sentence meaning is not possible in him. It is possible only by an omniscient being who is God.

With the reason- *s'ruti* the existence of God is proved. That is, God is inferred as the composer of the *s'ruti*. The inferential argument based on the method of difference is of as follows: 'The Vedas are composed by an Omniscient Being, as they are Vedas in nature. That which is not composed by an Omniscient Being is not the Veda, just as the ordinary sentences' (*Tathā hi - sarvajñāpranīta vedaḥ vadatvāt. Yat punarṇa sarvajñāpraṇītam nāsau vedo yathetaravākyaṁ*). What is called the Veda? That whose source is not available and which is accepted by the great persons is called Veda. The sentences composed by Manu etc have got their source in the Veda. Our perception etc cannot be the source of the Vedas, because there is a chance of illusion. As they are accepted by the great persons, they are stated to be perfect. The gapless continuous tradition cannot be their sources, because this continuity is disconnected at the time of dissolution. Hence the Vedas have no source of origination and they are taken to be composed by the Omniscient Being who is God. The inference in proving the existence of God can be drawn basing upon the method of agreement also. From the incorporation of the term '*vākyaī*' it is known that the Naiyayikas have introduced another type of affirmative inference having *hetu* in the form of

*s'ruti*, which runs as follows: 'The Vedic sentences are composed by an individual being, as they are sentence in nature, just as the sentences uttered by us'. (*Vedavākyāni pauruṣeyāni vākyatvāt, asmadādivākyavat*). This composer of the Vedic sentences, not being available in ordinary human beings, is taken to be God.

From the standpoint of a particular number (*samkhyāvis'eṣāt*) the existence of God is inferred. The dyadic and triadic compound must have some quantity by virtue of possessing the nature of substance. This quantity being an effect must have some cause.

The quantities existing in atomic and dyadic compound cannot be the cause of the same, because the former is having eternality and the latter is having an atomic one. Moreover, the quantity of triadic compound is large (*mahat*). If such quantity can be originated from something having atomic dimension, the dyadic compound which also arises from the atom would have been taken as having the large quantity (*mahat*), which is not possible in the actual world. It cannot be said that the quantity of the dyadic compound etc is originated from the synthesis of the parts (*pracaya*), because in such cases no contact of the parts as found in cotton is possible. The properties 'twoness' existing in a dyadic and 'threeness' existing in a triadic compound are the causes of the quantities existing in dyadic and triadic compounds. As the numbers 'two' and 'three' are more than one, they need some cognition of differentiation (*apekṣābuddhi*) for their understanding. The cognition of differentiation in the form of 'this is an independent case' in the atom and dyadic compound is not possible for the ordinary human beings like us having limited range of cognitions. Hence, such type of cognition of differentiation belongs to God alone who is Omniscient. If God is not admitted, the phenomenon of *apekṣābuddhi* would be impossible leading to the non-origination of the numbers two and three, which, in turn, leads to the non-origination of the quantities in the dyadic and triadic compounds. If such were the case, the origination of the world from the quantities of dyadic and triadic compounds would not at all be possible. Hence it is better to admit God for the reason mentioned above.

It is known that a word has got a particular meaning as it signifies an object. The power of words to signify their objects is generated by God. The relation between a word and its meaning has been initially established by God alone, but no other

being, because God is alone omniscient (*sarvajñā*). As human beings have got some limitations, they cannot provide power in the word to denote a particular meaning. An individual may declare that *Mudgaparñī* is the name of a tree. But the problem may be raised how he knows the object as such. If he knows this from the convention or the verbal usage of the old (*vr̥ddhavyavahāra*), it may be asked how the old generation comes to know the relation between a particular word and its meaning. In this way it remains problematic in the initial verbal usage done at the time of initial creation. As during this time there was no convention, it is to be admitted that there was someone who at first declares that *Mudgaparñī* is the name of a plant. This particular power of knowing a particular object by a particular term is given to a man by God initially. That is why, it has been admitted by the Naiyayikas that the Divine desire that this meaning has to be understood from this word is the import of a word (*asmāt s'abdādayamartho boddhavya iii īs'varecchā samketaḥ*).

In the *sūtra*- '*samjñākarmatvāsmadvis' iṣṭānām lingam*' *Kaṇāda* says that the phenomenon of *samjñākarma* of the element 'air' is done by the omniscient God. In another *sūtra*- '*Pratyakṣapravṛttvāt samjñākarmaṇaḥ*'<sup>13</sup> '*Kaṇāda* again says that the said *samjñākarma* is possible for the agent through perception only. That is to say, the name of elements cannot be decidable without the perception of these elements. Hence the persons who perceive the elements, which are referred to by naming words like 'air' etc. depicted in the Veda, give the name of these elements. Therefore, the person who at first depicts these names in the Vedas is the creator of the Vedas. The agent of the Vedas is God who being omniscient has got perfect knowledge of all matters before.

The atheists may deny the existence of God due to the absence of His perception. To them it can be said that the non-existence of an entity can be proved by its non-perception if and only if the entity is capable of being perceived in an ordinary way. God is not capable of being perceived with the help of ordinary means. Hence the non-perception of God does not prove His non-existence.

As God is not capable of being described and bearing no colour, shape etc., we do not know the exact nature of God. Hence to know the same we have no other alternatives than to depend on the *S'ruti*-texts and other inferential arguments

forwarded by the Naiyayikas etc., though there is diversity of opinion about the essential characteristics of God.

The opponents may object to the fact of the authority of God, as He has no right cognition. For the right cognition He is concerned with an object, which is previously known. In response to this it can be said that the right cognition should be defined as an independent apprehension, which corresponds to its object of the external world. God is the source of such type of knowledge and hence He is regarded as the supreme authority to us. Moreover, God is endowed with merit, knowledge, and concentration and free from illusion and carelessness. His merit produces merits of each person and gives motion to earth and other elements.

God is devoid of three attributes, which are *sattva*, *rajaḥ* and *tamaḥ*. In spite of this God performs His creation in accordance with these attributes. God is described as attributeless (*nirguṇa*), as He is devoid of these three attributes, the constituents of *Māyā* or *avidyā* (ignorance). This *Māyā*, which is otherwise known as *ātmamāyā* is called the magic power of God. *Māyā* is called *Prakṛti* while *Māyī* (the possessor of *Māyā*) is called *Mahes'vara*. God's knowledge is eternal, which is evidenced from the following fact. If His knowledge were not eternal, the creation of this world done out of the desire of God would have been stopped for the time being for want of appropriate knowledge of an object. For being an agent the direct awareness of the materials causing effect should have been there, which is evidenced from the definition of an agent (*kartā*). The definition goes as follows. An individual who has direct apprehension of the material of an effect and who has got desire of performing an action is called an agent (*upadānagocarāparokṣajñānacikīrṣāmatvām kartṛtvām*). Due to the eternity of God's knowledge we do not find any gap between two activities and hence these activities continue for the endless period of time. Without accepting the eternity of God's cognition there cannot be continuity in the activities performed by Him. It may be argued by the opponents that at the time of interval between destruction and creation there is no activity due to the absence of the knowledge for the time being. For this reason God's cognition cannot be called eternal. In reply, it can be said following the line of the older school of *Nyāya* that the concept of eternity in the case of God is completely different from other cases. The eternity in the ordinary sense is not applicable in the case of the knowledge of God. The

conclusion that God's cognition is transitory is purely groundless on account of the fact that if God's cognition were eternal up to the destruction of this world, it would be taken as eternal at the time of dissolution also due to the absence of the cause of its destruction, just self is considered as eternal even at the time of dissolution due to the lack of the cause of its destruction.

The desire of God may be considered as eternal, as His cognition is eternal in character. If it is so, every object of this world may be worthy of His desire. But desire without an object is not possible. In this connection a question may be raised as to the content of desire. If it were accepted that God's desire of creation is eternal, dissolution would never follow. Similarly, if His desire of destruction is taken as eternal on the other hand, the phenomenon of creation does not come into being. All these problems may easily be solved if the concept of eternity is taken in the specific sense in the case of God. For an ordinary human being desire arises from the contact of the sense organ with an object, mind and self, without which desire is not possible at all. Hence the desire of an individual is not eternal. But God's desire arises out of the absence of the contact of the sense-organ with an object, mind and self (*anātmamānaḥ saṁyoga*), as He has no physical body like ordinary human beings. Such a desire is eternal in character.

#### IV

Let us review some of the arguments favouring the Divine existence. It has been said earlier that God is admitted as the conveyer of the result of *karma*. If it is accepted that God has only the function of giving the result of *karma*, it will have no liberty at all. If God has no liberty at all, why will He be regarded as Almighty? If He has no power at all, why people will surrender to Him? God without power is impotent. Impotency for the part of God is unintelligible.

If the conveying the result of *karma* is taken as Divine sports (*līlā*), some problems may crop up in respect of law of *karma*. A question may be raised whether conveying the result, if taken, as *līlā* is arbitrary or systematic. If this is arbitrary, the law of *karma* will collapse. If this is systematic, i.e., *līlā*s are in keeping with the result of *karma* done by an individual being, they are not to be taken as *līlā* in the true sense of the term. To the Naiyayikas God creates the world after keeping the result of *karma* of an individual in view. If God's *līlā* were irrespective of an individual's action, there would arise the defects like *kr̥tapraṇāś'a* (non-attainment of the



result of *karma* done by an individual being) and *akṛtābhyāgama* (attainment of the result of *karma* not performed by an individual). If every action is dependent on God's desire, it may be asked whether this desire depends on *karma* of an individual or not. If God or His desire is bound by the *karma* of a *jīva*, He will have no autonomy, which is not desirable. If God's desire is taken as superior, *karma* may seem to be impotent having no power of its own. If *karma* is taken as superior, one could ask what function God serves. If God has no function, it will lose its godliness. If God and *Karma* both are accepted as superior, God has to depend on *karma*. Hence He will be no longer a powerful being or omnipotent due to the loss of autonomy.

### Notes and References

1. *Siddhāntamuktāvalī* on verse 1.
2. 'Sargādikalīnadvyaṅṅkaprayojakam karma prayatnajanyam karmavāt' Dinakarī on *Siddhāntamuktāvalī* on verse-1.
3. 'Sakalaparamāṅṅvādisūkṣmadars'itvāt sarvajñatvam. Yaḥ sarvajñah sa sarvavid ityāgamo' pi tatra pramāṅṅnam' Tarkasaṅgrahadīpikā.
4. *Tathāhi - sarvajñapranītaḥ vedaḥ vedatvat*, etc. - *Nyāyakusumāñjali*, Prose portion of Karika No. 5/5.
5. 'Mantāyurvedaprāmāṅṅyavacca tatprāmāṅṅyāt' *Nyāyasūtra* - 2/1/68.
6. 'Tadvacanādāmnāyasya prāmāṅṅyam - Vais'eṣikasūtra - 1/1/3.
7. 'Sāpekṣatvādanādityād vaicitryādvis'vavṛttiaḥ ----- *Nyāyakusumāñjali*, 1 / 4.
8. 'Prātyatmāniyamadbhukterasti heturalaukikaḥ' --- Ibid.
9. *Bṛhadāraṅṅyakopaniṣad* - 4/4.
10. 'Animittato bhāvotpattiḥ kaṅṅakataikṣṅṅādidars'āt - *Nyāyasūtra* - 4/1/22. 'Kaṅṅaksya taikṣṅṅam vartate grāvṅṅah s'lakṣṅṅatā nirmittam copādānam drṣṅṅtām tathā s'arīrarasargo' pīti' - *Vātsyāyanabhāṅṅṅya* on *sūtra* - 4/1/22.
11. *Nyayakusumanjali* - 5/1.
12. 'Padam - Vṛddhavyavahārah padyate gamyate'rtho'neneti' etc. - *Prakās'ikā* on *Nyāyakusumāñjali*, 1/5.
13. *Vais'eṣikasūtra* - 2/1/18-19.

## প্রাচীন ন্যায়ে মোক্ষ সংক্রান্ত প্রমাণ : একটি আলোচনা

পাপিয়া গুপ্ত

যাবতীয় দুঃখযন্ত্রণার আত্যন্তিক ও ঐকান্তিক দুঃখ নিবৃত্তিরূপ মুক্তি বা মোক্ষের ধারণাকে ভারতীয় প্রায় সমস্ত দার্শনিক সম্প্রদায়ই স্বীকার করেছেন। মোক্ষই পরমপুরুষার্থ। বস্তুতঃ জন্মমূহূর্ত থেকে জীবের দুঃখের সূত্রপাত— তাই বোধহয় শিশু মাতৃজঠর থেকে বেরিয়েই নিজ অস্তিত্বস্বোষা করে ব্রহ্মদের মধ্যে দিয়ে। জীব যখন সর্বপ্রকারের দুঃখ থেকে চিরতরে মুক্তি লাভ করে তখনই তার পরম-পুরুষার্থ প্রাপ্তি হয়। জন্ম-মৃত্যু প্রবাহের মধ্যে জীব যতদিন বর্তমান থাকে ততদিন সে মুক্তি লাভ করতে পারে না কেননা এই প্রবাহের মধ্যে থাকাই জীবের বন্ধন এবং এই বন্ধন ছিন্ন করাই মুক্তি। বন্ধ অবস্থায় দেহ ইন্দ্রিয়াদি আত্মার সঙ্গে যুক্ত থাকে কিন্তু দেহাদি থেকে বিমুক্ত হয়ে আত্মাযখন স্বরূপে অবস্থান করে এবং আর কখনো পূর্বের সংযোগ ঘটে না সেই অবস্থাই আত্মার চরম মুক্তির অবস্থা। ন্যায় দর্শনেও মোক্ষকে এইভাবেই বর্ণনা করা হয়েছে।

কোন একটি বিষয় বা ধারণা তখনই সর্বজনসিদ্ধ হয় যদি তা আদৌ প্রমাণ বা যুক্তিসাপেক্ষ হয়। মুক্তি প্রসঙ্গেও একই কথা প্রযোজ্য। ন্যায় মত অনুসারে যথার্থ অনুভূতি বা প্রমার করণই প্রমাণ। করণ বলতে মোক্ষায় কারণসামগ্রীর অন্তর্গত সেই অসাধারণ কারণটিকে যা উপস্থিত থাকলে কার্য অবশ্যই উৎপন্ন হবে। ন্যায়সূত্রকার মহর্ষি গৌতম চতুর্বিধ অনুভূতির কথা বলেছেন — প্রত্যক্ষ, অনুমিতি, উপমিতি, শব্দ এবং তদনুসারে ঐ অনুভূতির করণ প্রমাণও চতুর্বিধ - প্রত্যক্ষ; অনুমান উপমান, শব্দ - “প্রত্যক্ষানুমানোপমান শব্দাঃ প্রমানাপি।” সুতরাং মোক্ষের প্রসঙ্গে সংশ্লিষ্ট প্রমাণটি স্পষ্ট হওয়া আবশ্যিক। বস্তুতঃ মোক্ষ যে প্রত্যক্ষ সিদ্ধ নয় সে বিষয়ে কোন সন্দেহের অবকাশ নেই কিন্তু এ বিষয়ে কোন অনুমান বা শব্দ প্রমাণ আছে কিনা তাই বিচার্য বিষয়।

মহর্ষি গৌতম ন্যায়সূত্রে কোথাও অপবর্গ বিষয়ে কোন প্রমাণের উল্লেখ না করলেও কিন্তু প্রাচীন ন্যায়সম্প্রদায় ঐ প্রসঙ্গে একটি অনুমান প্রমাণের অবতারণা করেছেন। প্রশস্তপাদ ভাষ্যের টীকা কিরণাবলীতে উদয়নাচার্য্য ঐ অনুমানটির প্রয়োগ করেছেন — “কিং পুনরত্র প্রমাণম্ ? দুঃখসম্ভতির তত্ত্বমুচ্ছিন্নদাতে সম্ভুতিত্বাৎ প্রদীপসম্ভুতিভিত্যচার্য্যাঃ”<sup>১৬</sup> ঐখানে উদয়নাচার্য্য পূর্বপক্ষীর এই আপত্তিটি খণ্ডন করেছেন যে দুঃখের আত্যন্তিক নিবৃত্তির যেহেতু কোন প্রমাণ নেই সেহেতু তা কখনোই পুরুষার্থ হতে পারে না এবং প্রমাণস্বরূপ বলেছেন, আচার্য্যগণের মতে দুঃখসম্ভুতি অবশ্যই আত্যন্তিকভাবে উচ্ছিন্ন হবে, যেহেতু তা সম্ভুতি, দৃষ্টান্ত-প্রদীপসম্ভুতি। অনুমানটি ব্যাখ্যা করে বলা যায়, জীবমাত্রই জন্ম-জরা-মৃত্যুর অধীন এবং জীবনের অধিকাংশ সময়েই দুঃখ যন্ত্রণা নৈরাস্যের বেদনায় কাতর তাই দুঃখ যে আছে সে বিষয়ে কোন সন্দেহ নেই কিন্তু এই দুঃখ কখনো চিরস্থায়ী হতে পারে না কেননা জীবের এই দুঃখভোগ কখনো একটিমাত্র বিষয়কে কেন্দ্র করে আবর্তিত হয় না - একটি বিষয়ে দুঃখের পরে সে ভিন্ন একটি বিষয়ে দুঃখভোগ করে এবং এইভাবে দুঃখের একটি প্রবাহ বা ধারার সৃষ্টি হয়। অন্যদিকাল থেকে

প্রবাহিত দুঃখের এই ধারা বা প্রবাহের আত্যন্তিক নির্বৃতি অবশ্যস্বাভাবী, যেহেতু তা প্রবাহ বা সন্ততি। বস্তুতঃ যা ধারা বা প্রবাহ বা সন্ততি তা অবশ্যই কোন একসময়ে নির্বৃত্ত হবে - দৃষ্টান্তস্বরূপ প্রদীপের প্রবাহ বা ধারাকে গ্রহণ করা যেতে পারে। প্রদীপসন্ততি কোন স্থিরবস্তু নয় কিন্তু প্রতিক্ষণে তত্ত্ব তৈলবিন্দু জ্বলে জ্বলে প্রদীপশিখারূপে প্রতিভাত হয় এবং অবিচ্ছিন্ন প্রদীপের শিখার একটি ধারা বা প্রবাহ লক্ষ্য করা যায় — এই কারণেই প্রদীপ একটি প্রবাহরূপ সন্ততি কিন্তু এই প্রবাহের কোন এক সময় আত্যন্তিক উচ্ছেদ হয় — কোন না কোন সময় চরম শিখাটি জ্বলে ধ্বংস হয়ে যায় এবং প্রদীপটি নিভে যায়। দুঃখের প্রবাহ বা ধারা সম্পর্কেও উপরোক্ত বক্তব্যটি প্রযোজ্য। সুতরাং যা প্রবাহ বা ধারা তা কোন এক সময়ে অবসিত হবেই। জীবের দুঃখসন্ততি বা দুঃখ প্রবাহও অবশ্যই আত্যন্তিকভাবে উচ্ছিন্ন হবে। মোক্ষ বা মুক্তি যেহেতু যাবতীয় দুঃখযন্ত্রণার আত্যন্তিক বা চিরতরে নির্বৃতি ব্যতীত কিছুই নয় তাই দুঃখপ্রবাহের নির্বৃতির মাধ্যমে মোক্ষপ্রাপ্তি যে সম্ভব তাও প্রমাণিত হয়। এইভাবে প্রাচীন ন্যায়সম্প্রদায় অনুমানের মাধ্যমে প্রদীপের শিখার সন্ততি বা ধারাকে উদাহরণরূপে গ্রহণ করে সন্ততিত্ব হেতুর দ্বারা দুঃখের প্রবাহের নির্বৃতি বা মোক্ষকে প্রমাণ করেছেন। এই অনুমানটি উল্লেখ শ্রীধর ভট্ট রচিত ন্যায়কন্দলীতেও পাওয়া যায়। সেখানে দুঃখনিবৃত্তিরূপ অপবর্গের প্রমাণ প্রদর্শনের জন্য অকিকমতের অনুবাদ করে শ্রীধর বলেছেন — “তস্যাঃ সন্ত্যোঃ কিংপ্রমাণম্ দুঃখসন্ততিখিনিী অভ্যন্তমুচ্ছিদ্যাতে সন্ততিত্বাদীপসন্ততিবিনতি তর্কিকাঃ”<sup>১০</sup> — পার্থক্য মাত্র এই যে আচার্য উদয়ন অপবর্গসাধক এই অনুমানটি প্রদর্শন করে বলেছেন “ইত্যাচার্য্যাঃ” ও শ্রীধর বলেছেন — “ইতি তর্কিকাঃ”।

কিন্তু উপরোক্ত অনুমানটির বিরুদ্ধে আচার্য্য শ্রীধর তাঁর ন্যায়কন্দলী গ্রন্থে আপত্তির অবতারণা করে বলেছেন অনুমানটি ব্যভিচারদোষে দুষ্ট — “তদযুক্তম্। পার্থিবপরমাণুরূপাদি সন্তানেন ব্যভিচারঃ”<sup>১১</sup> ব্যভিচার দোষের পরিচয় প্রসঙ্গে বলা যায় — “সব্যভিচারঃ অনৈকান্তিকঃ”<sup>১২</sup> অর্থাৎ অনৈকান্তিকই সব্যভিচার। “যে হেতুটি ঐকান্তিক নয়, একটি পক্ষে নিশ্চিত নয়, কখনো সাধের অধিকরণে থাকে, কখনো সাধ্যাভাবের অধিকরণে থাকে — যে হেতুটি সপক্ষেও থাকে, বিপক্ষেও থাকে তাকেই অনৈকান্তিক বলা হয়। ব্যভিচারের সংগে বর্তমান ব্যভিচারবিশিষ্ট হেতুই সব্যভিচার।”<sup>১৩</sup> আলোচ্য অনুমানটি এই ব্যভিচারদোষে আক্রান্ত বলে ন্যায়কন্দলীকার মনে করেছেন কেননা সন্ততিমাত্রেরই আত্যন্তিক উচ্ছেদ হয়ে থাকে এই ব্যাপ্তিটি যথার্থ নয় বা তা অসিদ্ধ। কেননা এমন স্থান আছে যেখানে সন্ততিত্ব থাকলেও বিনাশিষ্ণু নেই সেক্ষেত্রে দুঃখের নির্বৃতি যে অবশ্যস্বাভাবী একথা আর বলা যাবে না এবং দুঃখের আত্যন্তিক নির্বৃত্তিরূপ মোক্ষও সিদ্ধ হবে না। দৃষ্টান্তস্বরূপ বলা যায় - নিত্য পার্থিব পরমাণুর রূপ, রসাদি সর্বদাই পাকবশতঃ বারবার উৎপন্ন হয়ে থাকে। পার্থিব পরমাণুর রূপ, রসাদি পার্থিব পরমানুর মতো নিত্য না হলেও ঐ নিত্য পার্থিব পরমানুতে পাকবশতঃ পূর্ব রূপটির বিনাশ ও পরবর্তী রূপটির উৎপত্তি হয়। সেই কারণে পার্থিব পরমানুতে প্রবাহক্রমে তার রূপরসাদি উৎপন্ন হয় বলে পার্থিব পরমাণুতে রূপরসাদির ধারা বা সন্ততি স্বীকার করতে হয়। সুতরাং এই পার্থিব পরমাণুর রূপাদি সন্ততিতে সন্ততিত্ব হেতু আছে কিন্তু তার কখনোই আত্যন্তিক উচ্ছেদ হয় না। অর্থাৎ পরমাণু যেহেতু নিত্য তাই পার্থিব পরমাণুতে রূপরসাদির ধারা চিরকাল চলতে থাকে। এমন কোন সময় হতে পারে না যে সময় পার্থিব পরমাণু থাকবে, কিন্তু তার রূপাদি আর কোনকালে থাকবে না — রূপাদি রহিত পার্থিব পরমাণু চিরকাল অবস্থান করবে

এমন সম্ভব নয়। প্রলায়কালে ঐ রূপাদির ধারা কিছুকালের জন্য নিবৃত্ত হলেও পরবর্তীকালে যখন সৃষ্টি হয় তখন ঐ ধারা আবার উৎপন্ন হয়ে চলতে থাকে। সূত্রায় সম্ভবিত্ব হেতু পার্থিব পরমাণুর রূপাদিসম্মতিতে থাকলেও তার আত্যন্তিক উচ্ছেদ না থাকায় হেতুটি ব্যভিচারী হয়ে যায় এবং ঐ দৃষ্ট হেতুর (সম্ভবিত্ব) দ্বারা দুঃখসম্মতির আত্যন্তিক উচ্ছেদের অনুমান করাও সম্ভব হয় না।

আচার্য উদয়ন স্বয়ং এই ব্যভিচারদোষের উল্লেখ করেছেন এবং দোষ খণ্ডন প্রসঙ্গে বলেছেন — “পার্থিব পরমাণুগতরূপাদি সম্মতানেন অনৈকান্তিকমিতি চেয়। সর্বাভ্রাগতদুঃখ সম্মতিপক্ষাকরণে ফলতস্তুস্যাপ্যন্তুভাবাৎ। ন হি সর্বমুক্তিপক্ষে সর্বোৎপত্তিমিন্নিতস্য দৃষ্টস্য ভাবাৎ তদুৎপত্তো বীজমস্তি। ন সর্বভোক্তৃ-নামপবৃত্তৌ তদুৎপত্তেঃ প্রয়োজনমস্তি। ন হি বীজ প্রয়োজনাভ্যাং বিনা কস্যচিদুৎপত্তিরস্তি।”<sup>৭</sup> অর্থাৎ আলোচ্য অনুমানের বিরুদ্ধে এই আপত্তি অযৌক্তিক যে পার্থিব পরমাণুগত রূপাদি সম্মতানে সম্ভবিত্বরূপ হেতুটি অনৈকান্তিক কারণ এখানে পক্ষ সকল আভ্রাগত দুঃখসম্মতি ফলে রূপাদি সম্মতিও ঐ পক্ষের অন্তর্ভুক্ত হয়ে গেছে এবং পক্ষে বা পক্ষসহ ধর্মীতে হেতুর ব্যভিচারদোষ উদ্ভাবিত হতে পারে না কারণ সেক্ষেত্রে অনুমানাত্মেরই উচ্ছেদ হয়ে যাবে। প্রশ্ন উঠতে পারে, অপবর্গসাধক অনুমানের পক্ষে কিভাবে পার্থিবপরমাণুর রূপাদিসম্মতি অন্তর্ভুক্ত হবে — কারণ ঐ অনুমানে পক্ষ হিসেবে কেবল দুঃখ-সম্মতিমাত্রকেই নির্দেশ করা হয়েছে। উদয়নের মত অনুসরণে উত্তরে বলা যায় যে ঐ অনুমানের পক্ষ কোন একটি আভ্রার দুঃখসম্মতি নয়, তা যদি হোত তাহলে যে আভ্রার দুঃখসম্মতির উচ্ছেদ হবে না, সেই আভ্রার দুঃখসম্মতিতেই সম্ভবিত্ব হেতুর ব্যভিচার হয়ে যেতো এবং পার্থিব পরমাণুর রূপাদি সম্মতির ক্ষেত্রটি বলার প্রয়োজন হোত না। এক্ষেত্রে সমস্ত আভ্রার দুঃখসম্মতিই ঐ অনুমানের পক্ষ - এরকমই বুঝতে হবে। কিন্তু সমস্ত আভ্রার দুঃখসম্মতির উচ্ছেদ যদি সিদ্ধ হয় তাহলে সর্বমুক্তিই সিদ্ধ হবে যার অর্থ সমস্ত উৎপত্তিশীল কার্যের নিমিত্ত কারণ অদৃষ্টেরও অভাব হবে। অর্থাৎ মহাপ্রলয়ে যখন জীবের মুক্তি হয়ে যায় তখন জীবের অদৃষ্ট বা ধর্মাধর্ম থাকে না কেননা অদৃষ্ট আত্মাতে থাকাকালীন আভ্রার মুক্তি হতে পারে না। এখন যোহেতু জীবের কর্মফলভোগের নিমিত্তে এই অদৃষ্টকে অপেক্ষা করেই প্রলয়ের পর ঈশ্বর সৃষ্টির ইচ্ছে করেন সূত্রায় মহাপ্রলয়ের পর ঈশ্বরের সৃষ্টির ইচ্ছে থাকে না, এমনই বলতে হবে, অর্থাৎ পরমাণুতে কিম্বা উৎপন্ন হোক এমন ইচ্ছে থাকে না এবং যদি বা ঈশ্বরের ইচ্ছে থাকেও যায় তবু অদৃষ্ট নামের সহকারী কারণ না থাকায় পরমাণুতে কিম্বা হবে না — কিম্বা না হলে তেজসংযোগ বিশেষরূপ পাকও পার্থিব পরমাণুতে হবে না। অর্থাৎ মহাপ্রলায়কালে পার্থিব পরমাণুতে রূপাদির যে প্রবাহ তার অবসান হবে। বস্তুতঃ পক্ষে অদৃষ্টই কার্যমাত্রের বীজ যা না থাকায় কোন কার্যই উৎপন্ন হবে না এবং সমস্ত জীবাশ্রার মুক্তি হয়ে গেলে কোন কার্যের উৎপত্তির প্রয়োজনও থাকবে না কেননা কার্যের উৎপত্তি হয় ভোক্তা পুরুষের ভোগের জন্য। এইভাবে পাকবশতঃ পার্থিব পরমাণুর রূপাদিসম্মতির উৎপত্তি না হওয়ায় রূপাদির সম্মতিরও উচ্ছেদ হয়ে যাবে। অতএব পার্থিব পরমাণুর রূপাদিসম্মতিও মোক্ষসাধক অনুমানটির পক্ষের অন্তর্ভুক্ত হওয়ায় এক্ষেত্রে ব্যভিচারদোষ হচ্ছে তা বলা যাবে না।

এখন প্রশ্ন হল, যদি সর্বমুক্তি প্রকৃতই সিদ্ধ হয় তাহলে সম্ভবিত্বহেতুতে ব্যভিচারদোষ দেখানো যাবে না একথা অনস্বীকার্য কিন্তু ন্যায়কন্দলীকার বলতে পারেন যে তাঁরা সর্বমুক্তি স্বীকারই করেন না - আচার্য উদয়ন এই প্রসঙ্গটির উল্লেখ করে বলেছেন — “সর্বমুক্তিরিত্যেব নেম্যত ইতি চেৎ। তর্হি য এর নাপবৃজ্যতে তসেব দুঃখসম্মতানেইনৈকান্তিকমিদং, কিম্বাদাহরণান্তর গবেষণয়া”<sup>৮</sup> অর্থাৎ যদি পূর্বপক্ষী সর্বমুক্তির

কথা না মানেন বা মহাপ্রলয়কাল স্বীকার না করেন তাহলে যে ব্যক্তি মুক্ত হল না তার দুঃখ প্রবাহের আত্যন্তিক উচ্ছেদ হবে না, যদিও সেখানে সন্ততিস্থ হেতুটি আছে। অর্থাৎ পূর্বোক্ত অনুমানস্থলেই সন্ততিস্থ হেতুটির ব্যভিচার শেষ হবে সেক্ষেত্রে পূর্বপক্ষীর ফলাস্তর গবেষণা নিশ্চয়োজন। উত্তরে পূর্বপক্ষী আবার বলতে পারেন যে তাদের মূল উদ্দেশ্য হল সন্ততিস্থ হেতুটি যে ব্যভিচারি তা প্রমাণ করা, ব্যভিচারপ্রদর্শনের অন্য কোন স্থলের প্রতি তাদের কোন আগ্রহ নেই। ঐ ব্যভিচার যদি বন্ধজীবের দুঃখসন্তানের দ্বারাই সম্ভব হয় তাহলে অন্য কোন উদাহরণ অপ্রয়োজনীয়।

আচার্য উদয়ন এ প্রসঙ্গে মত প্রকাশ করে বলেছেন যে যেহেতু পূর্বোক্ত অনুমানের মাধ্যমে প্রত্যেক আত্মার দুঃখের ধারা যে আত্যন্তিকভাবে উচ্ছিন্ন হয় তা প্রমাণিত হয়েছে তাই এমন কোন সংসারী আত্মা থাকতেই পারে না যার দুঃখপ্রবাহ কখনো আত্যন্তিকভাবে উচ্ছিন্ন হবে না সুতরাং যে সমস্ত জীব অ-মুক্ত তাদের দুঃখসন্তানের উদাহরণের মাধ্যমে সন্ততিস্থ হেতুতে ব্যভিচার দেখানো অসম্ভব। পূর্বপক্ষী অবশ্য বলতে পারেন দুঃখধারা যে কেবল অনাদি তা নয়, অনন্তও বটে। তাদের মতে কতগুলি জীবের সংসার্যেক্ষয়ভাব স্বীকার করতেই হবে — অর্থাৎ কোন জীবাত্মা অনাদিকাল থেকে অনন্তকাল পর্যন্ত সংসারীই থাকবে, তাদের কখনো মুক্তি হবে না, তারা চিরবন্ধ সুতরাং তাদের দুঃখসন্ততিরও নিবৃত্তি হবে না। এ প্রসঙ্গে কিরণাবলীকার বলেছেন — “সিন্ধৌ বা সংসার্যেক্ষয়ভাবা এব কেচিদাত্মা ন ইতি স্থিতে অহমেব যদি তথা স্যাংতদমম বিপরীত প্রয়োজনং পারিব্রাজকমিতি শঙ্কয়া ন কশ্চিৎ তদর্থাৎ ব্রহ্মচর্যাদিদুঃখমনুভবেৎ।”<sup>১০</sup> অর্থাৎ পূর্বপক্ষীর মত অনুসারে কিছু জীবাত্মা যদি সত্যিই সংসার্যেক্ষয় ভাব হয় বা তাদের দুঃখের ধারা অনাদি ও অনন্ত হয় তাহলে প্রত্যেক জীবেরই সন্দেহ হবে যে সেও ঐ বিশেষ সংসার্যেক্ষয় ভাব জীবাত্মাদের অন্তর্ভুক্ত কিনা - সেক্ষেত্রে তার এই মনোভাব হওয়া স্বাভাবিক যে সেও যদি ঐ নিত্যবন্ধ জীবদের অন্তর্ভুক্ত হয় তাহলে তার মোক্ষ সংক্রান্ত যাবতীয় সাধন বা সন্ন্যাস আশ্রমে প্রবেশ নিষ্ফল হবে। ফলতঃ কোন জীবই মোক্ষপ্রাপ্তির জন্য ব্রহ্মচর্য্য প্রভৃতি দুঃখমূলক সাধনে প্রবৃত্ত হবে না, এই সংসারে অপবর্গ বলেও আর কিছু থাকবে না এবং মোক্ষের প্রতিপাদক শাস্ত্রগুলিও অপ্রয়োজনীয় হয়ে পড়বে। বেদকে সেক্ষেত্রে অপ্রমাণ বলতে হবে যেহেতু বেদেও মোক্ষ ও মোক্ষলাভের উপায় প্রসঙ্গে বহু কথা বলা হয়েছে। সুতরাং কিছু জীবাত্মার দুঃখসন্ততি অনন্ত-একথা কতদূর সমর্থনযোগ্য তা বোঝা যায় না।

শ্রীধর ভট্ট উপরোক্ত প্রশ্নে আবার প্রশ্ন তুলেছেন যে সত্যিই যদি সর্বমুক্তি সম্ভব হোত তাহলে এতোকাল ধরে তা কেন হোল না? যদি প্রতি কল্পে একজন করেও মুক্ত হোত তাহলেও সংসার না থাকার কথা। কেননা অনন্তকল্প কেটে গেছে। কিরণাবলীতে এই পূর্বপক্ষীয় মত বর্ণনা করে বলা হয়েছে - “অথ যদি সর্বদুঃখসন্ততিনিবৃত্তি ভবিষ্যতি তর্হীং তাকা লেন কিং নাম নাভুৎ। একৈকশ্মিন্ কল্পে যদ্যেকোহপ্যবৃজ্যেত তদাপ্যচ্ছেদঃ সংসারস্য স্যাৎ, কল্পনামন্তত্বাৎ।”<sup>১১</sup> এই অভিযোগের উত্তরে আচার্য উদয়ন বলেছেন যে পূর্বপক্ষীর বক্তব্যটি যথার্থ-অনন্তকাল ধরে অনন্তজীব মুক্ত হয়েছে কিন্তু তাহলেও সকলে মুক্ত হয়নি কেননা সেক্ষেত্রে সংসারের অস্তিত্বই থাকতো না, অথচ সংসার যে আছে তা সর্বানুভবগ্ৰাহ্য। শ্রীধরভট্ট এ প্রশ্নে বলেছেন যে যখন অনন্তকাল ধরেও সর্বমুক্তি হয়নি, তখন ভবিষ্যতেও যে তা হবে তার নিশ্চয়তা নেই বা বলা যায় সর্বমুক্তি হবে না তাই নিশ্চিত। উত্তরে

আচার্য্য বলেছেন - “কালনিয়মে প্রমাণাভাবাৎ”।<sup>১১</sup> অর্থাৎ কালনিয়মে কোন প্রমাণ নেই। সর্বমুক্তি যে হবে তা প্রমাণসিদ্ধ হলেও কবে হবে সে কথা বলা যায় না। তাছাড়া যারা একথা বলেন যে সর্বমুক্তি সম্ভব হলে এতোদিনে তা হয়ে যেতো এবং তা যখন হয়নি তখন সর্বমুক্তি হবে না তাঁদের তাহলে এও স্বীকার করতে হবে যে যেহেতু এতোদিনের মধ্যে তারা মুক্ত হননি তখন ভবিষ্যতেও মোক্ষপ্রাপ্তি তাঁদের হবে কিনা তা সন্দেহের বিষয় সুতরাং মোক্ষের জন্য কোন সাধন তাদের করা উচিত নয়। আর যদি পূর্বপক্ষী মনে করেন অতীতে না হলেও ভবিষ্যতে তার মোক্ষপ্রাপ্তি অবশ্যই হবে তাহলে তাঁকে স্বীকার করতে হবে অতীতে না হলেও সর্বমুক্তি ভবিষ্যতে কোন না কোন সময় হবেই কারণ সর্বমোক্ষ প্রমাণসিদ্ধ।

শ্রীধরভট্ট পুনরায় আপত্তি করে বলেছেন, সর্বমোক্ষের উৎপত্তিই হতে পারে না কেননা যে সমস্ত বস্তু উৎপত্তিশীল তাদের উৎপত্তির কারণরূপে অদৃষ্টকে নির্দেশ করা যেতে পারে কিন্তু মোক্ষের ক্ষেত্রে কারণরূপে অদৃষ্টের কল্পনা করা যায় না। বিষয়টি সামান্য স্পষ্ট করে ব্যাখ্যা করা যেতে পারে। যদি অদৃষ্ট মুক্তির কারণ হয় তাহলে ঐ অদৃষ্ট শ্রবণ, মনন ইত্যাদির মাধ্যমে উৎপন্ন হবে কিন্তু তাহলে মুক্তির সম্ভাবনাই স্বীকার করা যাবে না কেননা শাক্তে বলা হয়েছে জ্ঞান বা প্রায়শ্চিত্ত অথবা ভোগের দ্বারাই একমাত্র অদৃষ্টের ক্ষয় হতে পারে। মোক্ষ ভোগের বর্জনকেই আদর্শ করায় একথা বলা যাবে না যে অদৃষ্ট ভোগের দ্বারা নষ্ট হবে— সুতরাং জ্ঞানের মাধ্যমেই তা সম্ভব। ঐ জ্ঞান মোক্ষের প্রথম স্তর এবং বহুপূর্বে তার উৎপত্তি হওয়ায় অদৃষ্টও ঐ জ্ঞানের দ্বারা বহু আগেই নষ্ট হয়ে যাবে এই কারণে জ্ঞানের দ্বারা নষ্ট হতে পারে এমন অদৃষ্ট মুক্তির উপায় কখনোই হতে পারে না। তাই যদি মুক্তির কারণ রূপে অদৃষ্ট স্বীকৃত হয় তাহলে মুক্তির পরেও মুক্ত আত্মাতে অদৃষ্ট আছে বলতে হবে কিন্তু যে আত্মাতে অদৃষ্ট থাকে তাকে কখনোই মুক্ত বলা যাবে না - সুতরাং সর্বমুক্তি উৎপন্ন হতে পারে না।

উপরোক্ত আপত্তির উত্তরে আচার্য্য উদয়নের বক্তব্য এই যে, যে সমস্ত জন্ম বা উৎপত্তিশীল পদার্থ ভোগ ও ভোগের সাধন সেগুলির উৎপত্তির ক্ষেত্রেই অদৃষ্ট কারণ কিন্তু জন্মমাত্রই যে অদৃষ্টকারণক তা বলা যায় না। যেহেতু জন্ম হলেও অপবর্গ বা মোক্ষ ভোগও নয়, ভোগের সাধনও নয় তাই তা অদৃষ্টজন্যও নয়। সুতরাং পূর্বপক্ষীর অভিযোগ যে কারণের অভাব আছে বলে সর্বমুক্তি সম্ভব নয় - এই অভিযোগ সম্পূর্ণভাবে অযৌক্তিক। আরো কথা এই যে, এই বাদানুবাদের পরেও যদি পূর্বপক্ষী এই সিদ্ধান্ত গ্রহণ করেন যে জন্ম মাত্রই অদৃষ্ট দ্বারা উৎপন্ন তাহলে মোক্ষ অবস্থাতেও মুক্তির কারণরূপ অদৃষ্ট থাকায় জীবের মুক্তিও সম্ভব নয় - একথা স্বীকার করে নিতে হবে।

পূর্বপক্ষী পুনরায় বলতে পারেন যে যদি ভাব অভাব নির্বিশেষে সমস্ত সাধারণ উৎপন্ন বস্তুর কারণ রূপে অদৃষ্টকে স্বীকার করে চরমদুঃখনাশরূপ মুক্তির প্রতি অদৃষ্টকে কারণরূপে ব্যাখ্যা করা যায় এবং এও বলা হয় ঐ অদৃষ্ট চরম দুঃখের ফলেই নষ্ট হয় তাহলে চরম দুঃখ ও অদৃষ্ট উভয়ে সূক্ষ্ম-উপসূন্দের মতো পরস্পর পরস্পরের বিনিষ্টির কারণবশত একই কালে ধ্বংস হবে এমন কল্পনা করা যেতে পারে - “চরমদুঃখেনাদৃষ্টং চরমদুঃখধদন্তেন নাশ্যত ইত্যন্যোন্যনাশকত্বাভিপ্রায়েণ সূন্দোপসুন্দন্যায় ইত্যর্থঃ।।”<sup>১২</sup> ‘সেক্ষেত্রে মুক্তিতে আর অদৃষ্ট থাকবে না। কিন্তু এই কল্পনা প্রমাণ বিরুদ্ধ - যেহেতু এখানে অদৃষ্ট ও অদৃষ্টনাশরূপ জন্মের কারণ থাকবে না কেননা দুঃখের দ্বারাই ঐ অদৃষ্ট নষ্ট হয় এমন বলা হয়েছে। সুতরাং পূর্বপক্ষীর এই বক্তব্য কখনোই স্বীকার করা যায় না সেহেতু সর্বমুক্তির কারণরূপে অদৃষ্ট

ধাকতে পারে না, সেই কারণে সর্বমুক্তির উৎপত্তিই হতে পারে না।

শ্রীধর ভট্ট এ প্রসঙ্গে ভিন্ন একটি প্রেক্ষিত থেকে আপত্তি তুলে বলেছেন - যে অনুমানটির দ্বারা মুক্তি সাধিত হয়েছে অর্থাৎ “দুঃখসত্ত্বতিরত্যন্তমুচ্ছিদ্যতে ... প্রদীপসত্ত্বতিবৎ” তাতে পক্ষ দুঃখসত্ত্বতি ও দৃষ্টান্ত প্রদীপসত্ত্বতি। যদি দৃষ্টান্ত ও দাঁষ্টান্তিকের মধ্যে বৈষম্য থাকে তাহলে ঐ অনুমানের মাধ্যমে দুঃখসত্ত্বতির আত্যন্তিক উচ্ছেদ প্রমাণিত হতে পারে না। এক্ষেত্রে দৃষ্টান্ত প্রদীপসত্ত্বতির আদি আছে বলে তার আত্যন্তিক উচ্ছেদ হয়ে থাকে কিন্তু দুঃখসত্ত্বতি অনাদি বলে তার আত্যন্তিক উচ্ছেদ অসম্ভব। সুতরাং অনুমানটি যথার্থ নয়। আচার্য্য উদয়নের মত অনুসারে অকণ্য তা বলা যায় না কারণ সত্ত্বতির মূলের উচ্ছেদ হলে সত্ত্বতির উচ্ছেদ এবং সত্ত্বতির মূলের অনুবৃত্তিতে সত্ত্বতির অনুবৃত্তি - “মূলোচ্ছেদাদ্বি সত্ত্বতরকচ্ছেদো মূলানিবৃত্তৌচানুবৃত্তি”<sup>১৬</sup> অর্থাৎ মূলের উচ্ছেদ হয়ে গেছে অথচ সত্ত্বতি অনুবৃত্ত হবে তা হতে পারে না। সত্ত্বতি আদি বা অনাদি যাইহোক না কেন মূলের উচ্ছেদ হয়ে গেলে তারও উচ্ছেদ হয়ে যাবে। সেইজন্যই প্রদীপের যে সত্ত্বতি তা সাদি হলেও তার উচ্ছেদ হবে সে বিষয়ে কোন কালানিয়ম নেই। কোন প্রদীপের শিখা একপ্রহরমাত্র অনুবৃত্ত হতে পারে আবার কোন শিখা সারারাত্রি ধরেও অনুবৃত্ত হতে পারে। কারণ ব্যাখ্যা করে বলা যায় প্রদীপসত্ত্বতির মূল তৈলাদি এবং তৈলাদিমূলের উচ্ছেদ সময়ের নিয়ম নেই বলে সাদি প্রদীপসত্ত্বতির উচ্ছেদেরও নিয়ম নেই। একইভাবে দুঃখসত্ত্বতি যদিও অনাদি কিন্তু তার মূল মিথ্যাজ্ঞান - এই মিথ্যাজ্ঞানের যতক্ষণ অনুবৃত্তি হয় দুঃখসত্ত্বতিরও ততক্ষণ অনুবৃত্তি হয় ও মিথ্যাজ্ঞানের উচ্ছেদে দুঃখসত্ত্বতিবৃত্ত উচ্ছেদ হয়ে যাবে। আরো স্পষ্টভাবে বলালে তত্ত্বজ্ঞানের মাধ্যমে মিথ্যাজ্ঞানের নিবৃত্তি হলে মিথ্যাজ্ঞানজ ন্য দুঃখসত্ত্বতিরও উচ্ছেদ হবে।

এখন বিষয় হল উদয়নাচার্য যেভাবে অনুমানটির ব্যাচারণদেয় খণ্ডন করেছেন শ্রীধর ভট্ট তার কোন প্রতিবাদ করেন নি। এর কারণ ব্যাখ্যা প্রসঙ্গে পণ্ডিত শ্রীযুক্ত ফণীভূষণ তর্কবাগীশ বলেছেন যে উদয়ন ও শ্রীধর ভট্ট সমকালীন হলেও এবং উদয়নের “কিরণাবলী” শ্রীধরের “ন্যায়কন্দলী”র কিছু পূর্বে লেখা হলেও কিরণাবলীর প্রচার সর্বত্র তখনই না হওয়ায় শ্রীধর ঐ গ্রন্থ দেখতে পান নি ও উদয়নের কথার স্বাভাবিকভাবেই কোন প্রতিবাদ করেন নি এমনভাবে বিষয়টি বোঝা যেতে পারে।<sup>১৭</sup> তবে, শ্রীধর ভট্ট মোক্ষের প্রসঙ্গে একমাত্র শ্রুতিকেই প্রমাণ বলে গ্রহণ করেছেন এবং উদয়নও যে মোক্ষের সাধকরূপে চরম প্রমাণরূপ শ্রুতিকেই স্বীকার করেছেন তা নব্বইনৈয়ায়িক গণেশ উপাধ্যায় তার তত্ত্বচিন্তামণি গ্রন্থের অন্তর্গত ঈশ্বরানুমানচিন্তামণি ও মুক্তিবাদে বলেছেন। তিনি সেখানে বিভিন্ন সম্পর্ক বা শ্রুতিবাক্যের অর্থ বিচার করেছেন এবং কিরণাবলীতে সেগুলির উল্লেখ থাকায় তিনি যে উদয়নের মতটিই ব্যাখ্যা করেছেন তা বোঝা যায়। ছাফেগ্য উপনিষদের একটি শ্রুতিবাক্য গ্রহণ করে তিনি সেখানে বলেছেন - “আচার্য্যাস্তু” অশরীর্য বাব সত্ত্ব ন প্রিয়াশ্রিয়ে স্পৃশতঃ।<sup>১৮</sup> এখানে আচার্য্য শব্দের শব্দটির দ্বারা উদয়নকেই বোঝানো হয়েছে অর্থাৎ উদয়নাচার্যের মতে মুক্তি বিষয়ে ঐ শ্রুতিটিই প্রমাণ। শ্রীধর ভট্ট-ও ঐ শ্রুতিটিকে প্রমাণরূপে স্বীকার করার স্পষ্টতঃই একথা প্রতিপাদিত হয় যে শ্রীধর কখনই মোক্ষকে অসম্ভব বা তার অন্তিমুখে প্রমাণের অতীত বলেন নি। তিনি শুধুমাত্র উদয়নসম্মত মোক্ষসাধক অনুমানটিকে যথার্থ বলে স্বীকার করেন নি এবং মুক্তি বিষয়ে কেবল শ্রুতিকেই প্রমাণ বলেছেন। শ্রীধর ও উদয়ন - উভয়সম্মত উপরোক্ত শ্রুতিবাক্যটির (মুক্তি প্রতিপাদক) তাৎপর্য্য হল মুক্ত আত্মা যখন শরীর দ্বারা অবচ্ছিন্ন না হয়ে

অশরীর রূপে অবস্থান করে তখন প্রিয় বা অপ্রিয় কোনকিছুই তাতে থাকে না। প্রসঙ্গতঃ উল্লেখ্য ‘প্রিয়’ একটি ক্লীবলিঙ্গ শব্দ এবং এর অর্থ সুখ - অন্যদিকে ‘অপ্রিয়’ শব্দের অর্থ দুঃখ - তদনুসারে হস্তাযায় মুক্ত অবস্থায় আত্মাতে সুখ বা দুঃখ কিছুই থাকে না। সুখদুঃখ উভয়ের উচ্ছেদই মোক্ষ অর্থাৎ ঐ শ্রুতিবাক্যটির দ্বারা মোক্ষ প্রমাণিত হয়।

বস্তুতঃ উপনিষদের বিভিন্নস্থানে এমন বহু শ্রুতিবাক্য পাওয়া যায় যার মাধ্যমে প্রমাণিত হয় মোক্ষ একটি প্রসিদ্ধ তত্ত্ব। দৃষ্টান্ত স্বরূপ কিছু শ্রুতিবাক্য ও তার ব্যাখ্যা দেওয়া যেতে পারে -

মুণ্ডক উপনিষদে বলা হয়েছে -

“যদা পশ্যঃ পশ্যতে রক্ষস্ববর্ণং

কর্তারমীশং পুরুষং ব্রহ্মাযোণিম্।

তদা বিদ্বান পুণ্যপাপে

বিধুয় নিরঞ্জনং পরমং সাম্যমুপৈতি।।”<sup>৩৬</sup>

অর্থাৎ জ্ঞানী পুরুষ যখন সুবর্ণবর্ণ অর্থাৎ স্বয়ং জ্যোতিসম্পন্ন এই বিশেষ স্রষ্টা ও নিয়ন্তা এবং সমগ্র জগতের উপস্থিতিস্থান সেই পরমপুরুষ ঈশ্বরকে দর্শন করেন তখন সেই জ্ঞানী পুরুষ পুণ্য ও পাপাত্মক সমস্ত বন্ধন থেকে সম্পূর্ণ মুক্তি পান এবং নির্লিপ্ত নির্মল হয়ে পরম সাম্য প্রাপ্ত হন অর্থাৎ তাঁর কাছে সমস্ত ভেদাভেদ লোপ পায়। আবার সেখানেই বলা হয়েছে -

“ভিদ্যতে হৃদয়গৃহি শিচ্ছদ্যন্তে সর্বসংশয়াঃ।

ক্ষীয়ন্তে চাস্য কর্মাণি তস্মিন দৃষ্টে পরাবরে।।”<sup>৩৭</sup>

অর্থাৎ সেই কারণরূপে শ্রেষ্ঠ ও কার্যরূপে অশ্রেষ্ঠ পরাবর ব্রহ্মকে আত্মরূপে দর্শন করলে জীবের অবিদ্যাজনিত যে অহং জ্ঞান তার হৃদয়কে আশ্রয় করে থাকে তা বিনষ্ট হয়ে সমস্ত সংশয়ের অবসান ঘটে। ফলে এই দ্রষ্টার মোক্ষের পরিপন্থী সমস্ত কর্মের ক্ষয় হয়।

ভাষ্যকার বাৎসায়নও মুক্তি বিষয়ে শ্রুতিবাক্যকেই প্রমাণরূপে গ্রহণ করেছেন ও ন্যায়দর্শনের ৫৯তম সূত্রের ভাষ্যের শেষে কয়েকটি শ্রুতিবাক্যের উল্লেখ করেছেন যার দ্বারা মোক্ষ সিদ্ধ হয়। যেমন—

“বেদাহমেতং পুরুষং মহাস্তমাদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ।

ত্বমেব বিদিত্বাইতিমৃত্যুমেতি নান্যঃ পন্থাঃ বিদ্যতেহয়নায়।।”<sup>৩৮</sup>

অর্থাৎ মন্ত্রদর্শী ঋষি বলেছেন - আমি অজ্ঞানের অতীত সূর্যের ন্যায় স্বপ্রকাশ সেই মহান পুরুষ বা ব্রহ্মকে জানি ও তাঁকে জেনেই সাধক মৃত্যুকে অতিক্রম করেন বা মুক্তি লাভ করেন - মোক্ষলাভের অন্য কোন পথ নেই। এই শ্রুতিবাক্যটির তাৎপর্য হল এই বাক্যের মাধ্যমে কেবল যে মোক্ষের প্রামাণ্য সিদ্ধ হয়েছে এমন নয়, মুক্তিপ্রাপ্তির উপায়টিও বর্ণিত হয়েছে।

শেতাশ্বতর উপনিষদে অন্যত্র বলা হয়েছে -

“ততো যদুত্তরতরং তদরূপমনাময়ম্।

য এতদ্বিদুরমৃত্যুস্তে ভবন্ত্যথৈতরে দুঃখমেবাপিযন্তি।।”<sup>৩৯</sup>

অর্থাৎ যিনি জগতের কারণ হিরণ্যগর্ভেরও উর্ধ্বে বা আদিপুরুষ তিনি অরূপ। তিনি আধ্যাত্মিক আধিদৈবিক



ও আধিভৌতিক এই দ্বিবিধ দুঃখের অতীত। যারা তাঁকে এইরূপ জানেন তারা অমৃতত্ব বা অমরত্ব লাভ করেন আর যারা তাঁকে জানেন না তারা দুঃখই ভোগ করেন।

কেবল বেদের ব্রাহ্মণভাগে নয়, মন্ত্রভাগেও জীবনের পরমপুরুষার্থ বা মোক্ষের প্রসঙ্গ পাওয়া যায়। ঋগ্বেদ-সংহিতায় বলা হয়েছে -

“এম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনং।

উর্বারুকমিব বন্ধনাম্মর্তোমুক্ষীয় মামতাৎ।”<sup>১৯</sup>

এই শ্রুতিবাক্যটির শেষে “মৃত্যোমুক্ষীয় মামতাৎ” অংশটির দ্বারা মৃত্যু থেকে মুক্তির প্রার্থনা করা হয়েছে এবং তার মাধ্যমে পরমপুরুষার্থরূপে মুক্তিও সিদ্ধ হয়েছে। প্রসঙ্গতঃ বলা যেতে পারে বেদে অমৃত শব্দের মুক্তি অর্থেও প্রয়োগ দেখা যায়। আলোচ্য শ্রুতিবাক্যটির “অমৃত” শব্দটি ঐ অর্থে গ্রহণ করলে বলা যায় - “মৃত্যু থেকে মুক্ত হব, অমৃত বা মুক্তি থেকে মুক্ত হব না।”

ভগবদগীতাতেও বলা হয়েছে -

“জন্মমৃত্যুজরাদুঃখৈর্কিরমুক্তোহমৃত মশুতে।”<sup>২০</sup>

অর্থাৎ জীব জন্মমৃত্যু ও জরারূপ দুঃখ থেকে জীবৎকালেই মুক্ত হন ও ব্রহ্মানন্দরূপ অমৃতত্ব বা মুক্তি লাভ করেন এখানেও অমৃত শব্দটি মুক্তি অর্থেই গ্রহণ করা হয়েছে।

বস্তুতঃ শাস্ত্রে অমৃত শব্দটি যেমন পরম-পুরুষার্থ মুক্তি অর্থে ব্যবহৃত হয় তেমনি অন্য একটি অর্থেও ব্যবহৃত হতে পারে। ব্রহ্মার সহস্র চতুর্যুগ পর্যন্ত স্বর্গে অবস্থানকেও অমৃতত্ব বলা হয়ে থাকে। অর্থাৎ ‘অমৃতত্ব’ শব্দটি মুখ্য বা প্রধান ও ঔপচারিক অর্থে ব্যবহৃত হতে পারে। বিষ্ণুপুরাণে এই মতের সমর্থন পাওয়া যায় -

“আভূতসম্প্রবং স্থানমমৃতত্বং হি ভাষ্যতে।

ত্রৈলোক্যস্থিতিকালেহয়মপূনর্ন্যার উচ্যতে।।”<sup>২১</sup>

এখানে প্রাণীদের বা জন্য বস্তু সমূহের প্রলয় পর্যন্ত স্থিতিকেই অমৃত বলা হয়েছে। প্রাচীন মীমাংসক সম্প্রদায় এই অর্থেই অমৃতত্বরূপ মুক্তিকে সমর্থন করেছেন। কিন্তু সাংখ্যতত্ত্ব কৌমুদীগৃহ্যে বাচস্পতি মিশ্রও স্বীকার করেছেন যে এই মুক্তি প্রকৃত অর্থে মুক্তি নয় কেননা ঐ মুক্তি হলেও পরে জীবের জন্মগ্রহণের মাধ্যমে আবার দুঃখভোগের সম্ভাবনা থেকে যায় ফলে দুঃখের আত্যন্তিক নিবৃত্তি হয় না কিন্তু প্রকৃত অর্থে মোক্ষ হল দুঃখের চিরতরে নিবৃত্তি বা অবসান। মোক্ষ নিত্য এবং তা পুনরাবৃত্ত হয় না। যারা মনে করেন যজ্ঞকর্মের দ্বারা মুক্তিলাভ হয় তাঁদের মতের অসারতা প্রতিষ্ঠা প্রসঙ্গে মুণ্ডক উপনিষদের নিম্নোক্ত শ্রুতিবাক্যটি উল্লেখ করা যায় -

“প্লাবা হ্যেতেঅদৃঢ়া যজ্ঞরূপা অষ্টাদশোক্তবরং যেষু কর্ম।

এতৎ শ্রেয়ো যে হভিনন্দতি মুঢ়াজরামৃত্যুংতে পুনরেবাণিযন্তি।।”<sup>২২</sup>

অর্থাৎ যে অষ্টাদশ ব্যক্তিকে আশ্রয় করে যজ্ঞাদি বিহিত হয়েছে সেই যজ্ঞসম্পাদক অষ্টাদশ ব্যক্তিই (ষোড়শ ঋত্বিক, যজমান ও যজমান পত্নী) বিনাশী এবং অনিত্য। সুতরাং তাদের সম্পাদিত কর্মও ফলের সংগে বিনষ্ট হয়। অতএব যে সমস্ত মুর্খলোক এই কর্মকে শ্রেয়োলাভের উপায় বলে সমাদর করে তারা

পুনরায় জরামৃত্তা ংপ্ত হয়। তাৎপর্য ব্যাখ্যা করে বলা যায় যজ্ঞাদি কর্মের দ্বারা যে ফল লাভ হয় তা অস্থায়ী। তা অমৃত্ত্ব দিতে পারে না তাই নিকৃষ্ট। এই কর্মগুলি যেসব উপকরণ ও ব্যক্তির সাহায্যে সম্পন্ন হয় তারা স্বয়ং বিনাশীল হওয়ায় তাদের দ্বারা সম্পাদিত কর্ম কখনো অবিনাশী ফল দিতে পারে না। সেই কারণে যেসব অজ্ঞানী এই কর্মগুলি শ্রেষ্ঠ মনে করে ও যাবজ্জীবন তা সম্পন্ন করে তারা ং কর্মের ফলস্বরূপ কিছুকাল স্বর্গসুখ ভোগ করে আবার পৃথিবীতে ফিরে আসে এবং বারবার জন্মমৃত্যুর চক্রে বন্দী হয়ে সংসারে বিচরণ করে। সুতরাং মোক্ষরূপ যে অমৃত্ত্ব তা যজ্ঞাদির মাধ্যমে কখনোই লব্ধ নয়। একমাত্র কর্মত্যাগের মাধ্যমেই মুক্তিপ্রাপ্তি সম্ভব।

সুতরাং মোক্ষ যে বেদৈকবেদ তাতে সন্দেহের কোন অবকাশ নেই এবং নৈয়ায়িকও মূলতঃ বেদমন্ত্রের সাহায্যেই অপবর্গ বা মোক্ষের সিদ্ধি প্রদর্শন করেছেন।

### গ্রন্থনির্দেশিকা

- ১) মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীমুক্ত ফণিভূষণ তর্কবাগীশ কর্তৃক সম্পাদিত, অনুদিত ও ব্যাখ্যাত ন্যায়সূত্র ও বাৎসায়ন ভাষ্য পশ্চিমবঙ্গ রাজ্যপুস্তক পর্যদ - ১/১/৩
- ২) শৌরীনাথ শাস্ত্রী অনুদিত উদয়নাচার্যকৃত কিরণাবলী, পশ্চিমবঙ্গ রাজ্যপুস্তক পর্যদ, ১ম খণ্ড, উদ্দেশ্য প্রকরণ - পৃ.-১০৬
- ৩) অধ্যাপক শ্যামাপদ ন্যায়তর্কজীর্ষ অনুদিত প্রশস্তপাদভাষ্য, মঙ্গলাচরণ , পৃ.-৩১
- ৪) তদেব ..... পৃ.-৩১
- ৫) শ্রী নারায়ণচন্দ্র গোস্বামী কর্তৃক অনুদিত সতীকঃ তর্কসংগ্রহ, অধ্যাপনাসহিত পৃ.-৩২১
- ৬) তদেব ... পৃ. ৩২৫
- ৭) পূর্বে উল্লিখিত ... কিরণাবলী, ১ম খণ্ড উদ্দেশ্যপ্রকরণ পৃ.-১০৬
- ৮) তদেব ... পৃ. ১১৩-১১৪
- ৯) তদেব ... পৃ. ১১৪
- ১০) তদেব ... পৃ.-১১৫
- ১১) তদেব ... পৃ.-১১৫
- ১২) প্রকাশবিবৃতি - পৃ.- ৬৫
- ১৩) পূর্বে উল্লিখিত .... কিরণাবলী, ১ম খণ্ড, উদ্দেশ্যপ্রকরণ পৃ.-১১৮
- ১৪) পূর্বে উল্লিখিত ... ন্যায়সূত্র ও বাৎসায়ন ভাষ্য - ৪র্থ অধ্যায় পৃ. ৪১৮
- ১৫) ছান্দোগ্য উপনিষৎ - ৮/১২/১
- ১৬) মুণ্ডক উপনিষৎ - ৩/১/৩
- ১৭) মুণ্ডক উপনিষৎ - ২/২/৯
- ১৮) শ্বেতশ্বতের উপনিষৎ - ৩/৮
- ১৯) তদেব - ৩/১০
- ২০) বিষ্ণুপুরাণ, দ্বিতীয় অংশ, ৫ম অঃ, ১৬শ স্লোক
- ২১) মুণ্ডক উপনিষৎ - ১/২/৭

## জগৎ ও জীবনের প্রেক্ষাপটে দর্শনের মূল্য

অনন্যা ব্যানার্জী

“আকাশভরা সূর্য - তারা, বিশ্বভরা প্রাণ,  
তাহারি মাঝখানে আমি পেয়েছি মোর স্থান,  
বিশ্বয়ে তাই জাগে আমার গান।”<sup>১</sup>

অনন্তের গটভূমিকায় শান্ত মানুষের এই হল প্রকৃত ছবি। অসীম আকাশ, অনন্ত সমুদ্র, সূর্য-চন্দ্র নক্ষত্ররাজি, সুউচ্চ পর্বতমালা, গভীর অরণ্যানী ও প্রাণীবহুল জগতের বৈচিত্র্যের দিকে নির্বাক বিশ্বয়ে একদিন মানুষ শুধু তাকিয়েই থেকেছে। এই বিশ্বয় ক্রমে ক্রমে রূপান্তরিত হয়েছে কৌতূহলী জিজ্ঞাসায়। জিজ্ঞাসা থেকে এসেছে অজ্ঞানকে জ্ঞানার তীব্র ইচ্ছা। এই ইচ্ছাপূরণ করতে সে প্রয়োগ করেছে তার সহজাত বিচারবুদ্ধিকে। কবির ভাষায় – “.....জ্ঞানার মাঝে অজ্ঞানারে করেছি সন্ধান, .....।”<sup>২</sup> তাই স্নেহের মতে এই বিশ্বয় থেকেই দর্শনের সৃষ্টি। স্নেহটো বলেন— যেকোন প্রকার জ্ঞান লাভে যার বাসনা রয়েছে এবং অতৃপ্ত কৌতূহল সহকারে যিনি সেই জ্ঞান লাভে প্রবৃত্ত হন, কেবলমাত্র তিনিই দার্শনিক হওয়ার যোগ্য।<sup>৩</sup>

কিন্তু, কেবলমাত্র বিশ্বয় থেকেই দর্শনের উৎপত্তি হয়নি। দর্শনের উৎপত্তির পশ্চাতে সংশয়েরও অবদান বর্তমান। মানুষ তার নিজস্ব স্বভাববশতঃ সন্দেহ করে বলেই সে নির্বিচারে কোন কিছু মেনে নিতে চায় না। সংশয়ের কষ্টি পাথরে প্রচলিত বিশ্বাসকে সে যাচাই করে দেখতে চায়। প্রশ্ন ওঠেঃ আমি যা দেখছি, শুনিছি, বিশ্বাস করছি - তাই কি সত্য? এর আড়ালে কোন সত্য লুকিয়ে নেই তো? এমনি করে সংশয়ের একের পর এক সিঁড়ি অতিক্রম করে সে সংশয়াজীত সত্যে উপনীত হওয়ার প্রচেষ্টা করল এই আত্মজিজ্ঞাসা বা সংশয় থেকেও তাই দার্শনিক চিন্তার উৎপত্তি।

ইরোসী ‘Philosophy’ শব্দটি Philos বা Philein এবং Sophia এই দুটি গ্রীক শব্দ থেকে উদ্ভূত হয়েছে। Philos শব্দের অর্থ হল ভালবাসা বা অনুরাগ (love) এবং Sophia শব্দের অর্থ হল জ্ঞান (knowledge)। সুতরাং, Philosophy শব্দের আক্ষরিক অর্থ হল জ্ঞানের প্রতি ভালবাসা বা অনুরাগ (love of knowledge)। কিন্তু সংস্কৃত ভাষায় Philosophy শব্দের বাংলা প্রতিশব্দ হল দর্শন। দৃশ ধাতুর উত্তর অনট্ প্রত্যয় করে ‘দর্শন’ শব্দটি নিষ্পন্ন হয়েছে। দর্শন কথাটির আক্ষরিক অর্থ হল ‘দেখা’ বা ‘প্রত্যক্ষ করা’। কিন্তু যেকোন দেখাকেই দর্শন বলা যায় না। দর্শন হল সত্য বা তত্ত্বের সাক্ষাৎ উপলব্ধি। জ্ঞান এবং সত্য পরস্পর ওতপ্রোতভাবে জড়িত। কারণ জ্ঞান হল পথ যার মাধ্যমে সত্য বা তত্ত্বরূপ লক্ষ্যে উপনীত হওয়া সম্ভব হয়। অর্থাৎ, জ্ঞানমাত্রই সত্যসূত্রী। জ্ঞান এবং সত্য উভয়ের তিথিই হল যুক্তিগত ও বুদ্ধিগত বিচার বিশ্লেষণ। Philosophy জগৎ ও জীবনের পরিধি

খেঁকেই জ্ঞানানুসন্ধান শুরু করে আর দর্শনের সত্য উপলব্ধিও জগৎ ও জীবনকে অস্বীকার করে নয়। তাই 'Philosophy' ও 'দর্শন' এই দুটি শব্দ সমার্থবোধক না হলেও Philosophy কে দর্শনরূপেই অভিহিত করা হয়।

Philosophy বা দর্শন বলতে কি বোঝায় তার একটি নির্দিষ্ট সর্বজনস্বীকৃত উত্তর আজও পাওয়া যায় নি। দর্শনের ইতিহাসের দিকে তাকালে পরিলক্ষিত হয় যে বিভিন্ন যুগে, বিভিন্ন দেশে, বিভিন্ন দার্শনিকগণ নানারূপে দর্শনের সংজ্ঞা প্রদানের প্রচেষ্টা করেছেন। দর্শন সম্পর্কে বিভিন্ন দার্শনিকগণের বক্তব্যকে পর্যালোচনা করে বলা যায় যে- যে সকল চিন্তার সাহায্যে আমরা সমগ্র বিশ্ব এবং সেই বিশ্বের অংশ হিসেবে আমাদের ভূমিকা, উদ্দেশ্য, লক্ষ্য এবং পরিণতি সম্পর্কে একটি পরিষ্কার ধারণায় হাজির হতে পারি, তারই সমষ্টিগত নাম হল Philosophy বা দর্শন। এই ধারণাটি অবশ্যই স্ববিরোধমুক্ত হবে, আমাদের অভিজ্ঞতায় পাওয়া বিভিন্ন তথ্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হবে এবং বুদ্ধি ও বিচারের দাবী মেটাতে সক্ষম হবে। দর্শনে জগৎ ও জীবনের সত্য স্বরূপ সম্পর্কে জ্ঞানদানের প্রসঙ্গ আছে। সেই জ্ঞানের উৎস, প্রকৃতি, শর্ত, সীমা, সম্ভাব্যতা নিয়ে আলোচনা আছে। সামগ্রিক দৃষ্টিকোণ থেকে যাবতীয় খণ্ডজ্ঞানের যুক্তিগ্রাহ্য চরম ব্যাখ্যা আছে এবং পরমমূল্যের আলোয় তাদের মূল্য বিচারের প্রচেষ্টা আছে। বিশুদ্ধ বিচারের পদ্ধতিই হল দর্শনের নিজ লক্ষ্য উপনীত হওয়ার উপায়।

সাধারণভাবে একটি সুসজ্জিত গৃহে বসবাস করার মতো আমরা এমন একটি জগতে বাস করি যেখানে হয়তো অনেক সময় কোন সমস্যা ব্যতীতই আমরা নিশ্চিন্তে বেঁচে থাকি। কিন্তু যখন আমাদের এতদিনের স্বীকৃত প্রতিদিনের জীবনটা অকস্মাৎ তার স্বাক্ষর হারায়, যখন আমাদের স্বীকৃত সিদ্ধান্তগুলো সমস্যা হয়ে দাঁড়ায়, তখন জীবনে প্রথম সুরক্ষিত চারটি দেওয়াল ও মাথার ছাদটাকে হারিয়ে খোলা মাঠের মধ্যে আমরা যেন নিজেদেরকে খুঁজে পাই। সবকিছু হয়ে দাঁড়ায় অনিশ্চিত আর তখন আমাদের প্রতিটি জিজ্ঞাসা এবং প্রত্যেকটি উত্থাপিত প্রশ্নের মধ্যে দিয়ে দর্শনের সূচনা ঘটে। এই দার্শনিক জিজ্ঞাসা কিন্তু যেকোন প্রকার জিজ্ঞাসা নয়। দৃষ্টান্তস্বরূপঃ রাস্তার ওপারে কি রয়েছে কিম্বা টেবিলটির উপর কি রয়েছে? অগ্রসর হয়ে যাচাই করলেই এই প্রশ্নগুলির নিরসন ঘটে। কিন্তু অন্য এক প্রকার প্রশ্ন রয়েছে যে সকল প্রশ্নের সহজে মীমাংসা সম্ভবপর নয়। যেমন— জীবনের অর্থ কি? এই বিশ্বজগতের উদ্দেশ্য কি? এই জগৎ কে সৃষ্টি করলেন? মৃত্যুর পর কি হয়? কেন আমি এইরকম, কেন আমি অন্যদের মতো নই? আমার কর্মের ক্ষেত্রে আমি কি স্বাধীন? অথবা আমি যা করি তার জন্য আমি কি দায়বদ্ধ? এই সকল প্রশ্নের মীমাংসার জন্য নিরলস চিন্তা করতে হয় এবং এই সকল প্রশ্নের মাধ্যমেই দর্শন খুঁজে পায় তার উৎসস্থল। এই সকল প্রশ্নগুলি মানবজীবনে অপরিহার্য। এগুলিকে এড়ানো সম্ভবপর নয়। একজন মানুষ চোখবন্ধ করে তার জীবন অতিবাহিত করতে পারে বলে মনে করতে পারে, মনে করতে পারে এই সকল প্রশ্নের অস্তিত্ব তার জীবনে নেই। কিন্তু প্রকৃতপক্ষে এই সকল প্রশ্নের উত্থাপন মানুষের ভাগ্যরূপেই প্রমাণিত হয়।<sup>৯</sup>

কিন্তু জগৎ ও জীবনের প্রেক্ষাপটে দর্শনের মূল্য তথা প্রাসঙ্গিকতা নিয়ে অনেকেই প্রশ্ন তোলেন। প্রকৃতপক্ষে তারা সংশয় প্রকাশ করেন দর্শনের বাস্তব উপযোগিতা সম্পর্কে। বর্তমান যুগের অস্থিরতা,

বাস্তবিকতার চাপ, বিজ্ঞানের ক্রমাগত উন্নতি ও মানুষের চাহিদার উত্তরোত্তর বৃদ্ধির ফলেই প্রকৃতপক্ষে দর্শনের মূল্য সম্পর্কে মানুষ সন্দেহান হয়ে উঠেছে। নানা কারণের উপর ভিত্তি করে বিভিন্ন দার্শনিকগণ বিভিন্ন সময়ে দর্শনের বিরুদ্ধে আপত্তি উত্থাপিত করেছেন। কিন্তু এই আপত্তিগুলিকে বিশ্লেষণ করলে এদের দুর্বলতা সহজেই দৃষ্টিগোচর হয় এবং উপলব্ধি করতে অসুবিধা হয় না যে—মানবজীবনে দর্শনের প্রভাব সর্বব্যাপী জগৎ এবং জীবনের আঙ্গিকে এই সকল আপত্তিসমূহকে বিশ্লেষণ করা এবং উক্ত আপত্তিসমূহ খণ্ডনপূর্বক দর্শনের মূল্য তথা উপযোগিতাকে পরিস্ফুট করে তোলাই এই প্রবন্ধের উদ্দেশ্য।

ক. দর্শনের বিরুদ্ধে উত্থাপিত আপত্তিসমূহঃ

প্রথমতঃ-- দর্শনের বিরুদ্ধে আপত্তি উত্থাপিত হয় যে - একই প্রকার সমস্যা, একই প্রকার বিবাদ বা তর্ক নিয়ে দর্শন লিপ্ত থাকে এবং এই সকল সমস্যার সমাধান করতে দর্শন চূড়ান্ত বার্থতার পরিচয় প্রদান করে। সুতরাং, সমালোচকগণের মতে দর্শন অসীমাংসিত সমস্যার সমষ্টি ব্যতীত আর কিছুই নয়। অতএব, স্বাভাবিকভাবেই প্রশ্ন ওঠেঃ যে সমস্যা চিরকালীন, যে সমস্যার কোন সমাধান নেই, সেই সমস্যা নিয়ে আলোচনা করে লাভ কী? কেন আমরা দর্শনকে পরিত্যাগ করি না? তাছাড়া, নিত্যানতুন আবিষ্কারের মাধ্যমে বিজ্ঞান অগ্রসর হয়ে চলেছে। সুতরাং, স্বাভাবিকভাবেই প্রশ্ন ওঠেঃ বিজ্ঞানের এই গতির কাছে দর্শনকে কি স্থবির বলে মনে হয় না?

দ্বিতীয়তঃ-- দর্শনের বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয় যে-- দর্শন জগৎ এবং সত্তা সম্পর্কে যে জ্ঞান প্রদান করে তা আংশিক এবং অসম্পূর্ণ। সুতরাং, স্বাভাবিকভাবে প্রশ্ন ওঠেঃ এই অসম্পূর্ণ জ্ঞানের পশ্চাতে ধাবন করা কি নিরর্থক নয়?

তৃতীয়তঃ-- সমালোচকগণ বলেতে পারেন যে-- সময়ের অগ্রগতির সাথে সাথে দর্শনের বিভিন্ন শাখা দর্শন থেকে পৃথক হয়ে স্বতন্ত্র শাস্ত্রের মর্যাদা লাভ করছে। সুতরাং, এই সকল সমালোচকগণের মতানুসারে বিজ্ঞানের প্রগতির সঙ্গে সঙ্গে দর্শন তার ভিত্তি হারাচ্ছে।

চতুর্থতঃ-- দর্শনের বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয় যে-- বিজ্ঞান যে জ্ঞান প্রদান করে তা স্পষ্ট এবং নির্দিষ্ট। দর্শনে এ ধরনের জ্ঞান লাভের কোন সুযোগ নেই। তাহলে যে দর্শন স্পষ্ট ও নির্দিষ্ট জ্ঞান প্রদানে অক্ষম, তাকে মর্যাদা প্রদানের প্রয়োজনীয়তা কি?

পঞ্চমতঃ-- দর্শনের বিরুদ্ধে একটি আপত্তি প্রায়শই উত্থাপিত হয়। সেটি হলঃ জীবনের বাস্তব প্রয়োজন পূরণে দর্শনের কি কোন ভূমিকা রয়েছে? কারণ জীবনে বেঁচে থাকার জন্য প্রথম প্রয়োজন হল অর্থ বা ধন সম্পদ। কিন্তু অর্থকরী কোন ব্যবস্থার নির্দেশ দর্শনে নেই। তাহলে দর্শনের মূল্য কি?

ষষ্ঠতঃ-- বিভিন্ন অস্তিত্ববাদী দার্শনিক যেমন-- Jean Wahi, Karl Jaspers প্রমুখের মতে দর্শন এবং কাব্যের মধ্যে কোন প্রভেদ নেই। বিভিন্ন অভিযোগকারীগণ যেমন-- রাষ্ট্রনৈতিক দর্শনের বিরোধীগণ বলেন যে-- মানুষের জ্ঞান লাভের সম্ভাব্য উপায় হল দুটি। যথা-- প্রত্যক্ষ এবং অনুমান। জ্ঞান লাভের স্বাভাবিক উপায় অর্থাৎ বুদ্ধি দ্বারা কোনকিছু উপলব্ধি করা সম্ভবপর না হলে, মানুষের পক্ষে কোনকিছুকেই

উপলব্ধি বা অনুভব করা সম্ভবপর নয়। সুতরাং, এই সকল সমালোচকগণ বলেন যে-- দর্শনে লিপ্ত ব্যক্তিগণ স্বপ্নের দেশে বিচরণমান কোন ব্যক্তি বা কবি হতে পারেন কিন্তু বাস্তববাদী কোন মানুষ হতে পারেননা।

সপ্তমত :-- দর্শনের বিরুদ্ধে আপত্তি উত্থাপন করে কেউ বলেন যে-- দর্শনের বিষয় দুরূহ এবং দর্শনের ভাষা অনেক ক্ষেত্রেই দুর্বোধ্য, অস্পষ্ট। কিন্তু Wittgenstein এর মতে-- যা বলা যায় তা স্পষ্ট করেই বলা যায় এবং যে বিষয়ে কথা বলা যায় না তা নিঃশব্দে নিমজ্জিত রাখতে হয়। এই দুয়ের মাঝখানে অর্ধেক বলা অর্ধেক না বলা আলো-আঁধারির কোন তাৎপর্য নেই।<sup>১</sup> সুতরাং, এই সকল সমালোচকগণ বলতে পারেন যে-- যার ভাষাই বোঝা যায় না, মানুষ তাকে কিভাবে গ্রহণ করবে এবং মূল্য প্রদান করবে?

এখন, ক্রমানুসারে উক্ত আপত্তিসমূহের উত্তর প্রদানে সচেষ্ট হওয়া যাক।

খ. দর্শনের বিরুদ্ধে উত্থাপিত উক্ত আপত্তিসমূহের উত্তর এবং জগৎ ও জীবনে দর্শনের তাৎপর্য :

প্রথম আপত্তির উত্তর :-- দর্শনের বিরুদ্ধে উত্থাপিত প্রথম আপত্তির প্রত্যুত্তরে বলা যায় যে-- দার্শনিক সমস্যাগুলি যদিও সবসময়েই অপরিবর্তিত থাকে, তথাপি এই সমস্যাগুলি প্রকৃতিগত দিক থেকে ভিন্ন। দুজন দার্শনিক একই সমস্যা নিয়ে আলোচনা করলেও উভয়ক্ষেত্রে সমস্যার প্রতিপাদন একইরকম নয়। এই দৃষ্টিভঙ্গীর পার্থক্য সমস্যার প্রকৃতিতেও পরিবর্তন আনে। সুতরাং, দর্শন বিষয়ক সমস্যার কোন অভিব্যক্ত নেই-- এই অভিযোগ বস্তুতপক্ষে দর্শন সম্পর্কীয় অজ্ঞতা। দর্শন অবশ্যই অমীমাংসিত সমস্যার সমষ্টি থেকে ভিন্ন কিছু, অতিরিক্ত কিছু।<sup>১</sup>

তাহাড়া, অন্যান্য বিজ্ঞান যেখানে শুষ্ক হয়ে দাঁড়িয়ে যায়, স্বীকৃত পূর্বানুমানগুলিকে কোন প্রশ্ন ব্যতীতই নিষিদ্ধায় গ্রহণ করে, দর্শন সেখানে প্রশ্ন তুলতে শুরু করে। বিজ্ঞান কোনও বিষয়কে জানে। কিন্তু একজন দার্শনিক 'জ্ঞান কী' সেই প্রশ্ন উত্থাপন করেন। সাধারণ মানুষ অথবা একজন রাজনীতিবিদ কোনকিছুর অর্থ এবং লক্ষ্য নিয়ে আলোচনা করেন। কিন্তু একজন দার্শনিক প্রশ্ন তোলেন অর্থ এবং লক্ষ্য বলতে কি বোঝায় তা নিয়ে। অন্যান্য সকল বিজ্ঞানসমূহ যা রয়েছে তাকে পরীক্ষা করতে রত থাকেন। অপরপক্ষে, দর্শন কোনকিছুর কি হওয়া উচিত ছিল, তা নিয়ে অনুসন্ধান করে। সামগ্রিকভাবে বলা যায় যে-- দর্শন অন্যান্য বিজ্ঞান অপেক্ষা অনেক গভীর এবং মূলে প্রবেশ করে। অন্যান্য বিজ্ঞান যেখানে পরিতৃপ্ত হয়ে যায়, দর্শন সেখানে বিভিন্ন প্রশ্নের উত্থাপন এবং বিশ্লেষণে সচেষ্ট হয়। সুতরাং, দর্শন হল মৌলিক বিজ্ঞান বা এমন বিজ্ঞান যা অন্যান্য বিজ্ঞানসমূহের ভিত্তিভূমি রচনা করে।<sup>২</sup> দর্শন চিরপুরাতন হয়েও নিত্যনতুন প্রশ্নের উত্থাপনে, মূল্যায়ণে এবং নিতানতুন ব্যাখ্যায় সজীব। আর জীবন মানেই তো জিজ্ঞাসার উত্তর খোঁজা। কাজেই দর্শন কখনোই স্থবির নয়।

দ্বিতীয় আপত্তির উত্তর :-- দর্শনের বিরুদ্ধে অনীত দ্বিতীয় সমালোচনার উত্তরস্বরূপ বলা যায় যে-- দর্শন প্রকৃতপক্ষে মানব প্রকৃতি এবং বাস্তব জগৎ সম্পর্কে একটি সামগ্রিক ও বোধগম্য ধারণা প্রদান করে। সুতরাং, দর্শন অসম্পূর্ণ হবে কেন? তাছাড়া যদি তর্কের খাতিরে ধরেও নেওয়া যায় যে-- দর্শন আংশিক

বা অসম্পূর্ণ কারণ সত্তা সম্পর্কে দর্শন অসম্পূর্ণ জ্ঞান প্রদান করে, তথাপি তাকে নিরর্থক বা মূল্যহীন বলা যায় না।<sup>১</sup> কারণ মানুষের সত্তাকে জানার ষাড়াবিক প্রবণতা থেকেই দর্শনের জন্ম। বিশ্বজগতের মধ্যেই জীবনের প্রকাশ এবং বিকাশ। জাগতিক ঘটনা, জীবনের ভাবনা এবং অভিজ্ঞতার বৈচিত্র্য এই ত্রিভুজের মধ্যে দণ্ডায়মান মানুষ জানতে চায় নিজের সাথে জগতের সম্বন্ধকে, জগৎ এ তার অস্তিত্বের ভূমিকা, অর্থ এবং উদ্দেশ্যকে। জানতে চায় জগৎ ও জীবনের মূল সত্যকে। সে বিখ্যাত অশান্ত সন্তান। অন্তরে তার অনন্ত জিজ্ঞাসা। দর্শনই মানুষের অন্তরের এই নিগূঢ় ও অপরিভাষ্য প্রবৃত্তিকে তৃপ্ত করে। সুতরাং, দর্শন অর্পণ হলেই অকিঞ্চিৎকর হবে, এমন কোন কথা নেই।

তৃতীয় আপত্তির উত্তর :- দর্শনের বিরুদ্ধে উত্থাপিত তৃতীয় আপত্তির পরিপ্রেক্ষিতে বলা যায় যে-- একথা সত্য যে দর্শনের বিভিন্ন শাখা সময়ের সাথে সাথে দর্শন থেকে পৃথক হয়েছে এবং স্বতন্ত্র শাস্ত্রের মর্যাদা লাভ করেছে। কিন্তু উল্লেখযোগ্য বিষয় হল এই যে : একটি বিশেষ বিজ্ঞান যখন স্বতন্ত্র হয়েছে, প্রায় ঠিক একই সময়ে তার সমান্তরাল অপর একটি দর্শন বিষয়ক শাস্ত্র বা শাখা জন্ম লাভ করেছে। উদাহরণস্বরূপ, বর্তমান সময়ে Formal Logic যখন স্বতন্ত্র শাস্ত্রের মর্যাদা লাভ করেছে তখন Philosophy of Logic নামক দর্শনের অপর একটি শাখার উদ্ভব ঘটেছে। এই বিষয়টি একথা প্রতিপাদন করে যে-- বিজ্ঞানের প্রগতির সাথে সাথে দর্শন তার পুরাতন ভিত্তি হারালেও এটি ক্রমশ সজীব থেকে সজীবতর, সমৃদ্ধ থেকে সমৃদ্ধতর হয়ে উঠেছে।<sup>২</sup>

চতুর্থ আপত্তির উত্তর :- বর্ট্রান্ড রাসেলকে অনুসরণ করে দর্শনের বিরুদ্ধে উত্থাপিত চতুর্থ আপত্তির নিরসন করা যেতে পারে। তাঁর মতে বিজ্ঞান যেরূপে সুনির্দিষ্টভাবে কিছু জানতে সক্ষম, সেরূপ সুনির্দিষ্টভাবে দর্শন কোন জ্ঞানলাভে সক্ষম হয় নি-- একথা সত্য। কিন্তু তার একটি অন্যতম কারণ হল : কোন বিষয় সম্পর্কে যখন সুনির্দিষ্টভাবে জ্ঞান লাভ করা যায়, তখন সেই বিষয়টিকে আর দর্শন বলা যায় না। স্বতন্ত্র শাস্ত্ররূপে আখ্যা প্রদান করা হয়। যেমন-- জ্যোতির্বিজ্ঞান এক সময় দার্শনিক আলোচনার অন্তর্ভুক্ত ছিল বলেই নিউটনের বিখ্যাত বইটির নাম 'The mathematical Principles of Natural Philosophy'। আবার, মানুষের মন সম্পর্কিত আলোচনাও দর্শনের অন্তর্ভুক্ত। তথাপি মনোবিদ্যা বর্তমানে একটি স্বতন্ত্র বিজ্ঞানের মর্যাদা লাভ করেছে। আসলে যে প্রশ্নগুলির সুনির্দিষ্ট উত্তর পাওয়ার সম্ভাবনা ইতিমধ্যেই দেখা দিয়েছে সেগুলিকে দর্শনের রাজ্য থেকে বিজ্ঞানে স্থানান্তরিত করা হয়েছে এবং যেসকল প্রশ্নের সূত্র সমাধানের পথ খুঁজে পাওয়া যায় নি সেগুলিকে নিয়েই দর্শন আলোচনা করে চলেছে।<sup>৩</sup>

পঞ্চম আপত্তির উত্তর :- দর্শনের বিরুদ্ধে উত্থাপিত পঞ্চম আপত্তিটি চিরকালীন কিন্তু অজ্ঞতাপ্রসূত উক্তির নামান্তর। বিভিন্ন দৃষ্টিকোণ থেকে এই আপত্তিটির নিরসন করা যেতে পারে।

ক) প্রতিদিনের চাওয়া-পাওয়ার মধ্যে জীবনকে গণ্ডীবদ্ধ রাখলে দর্শনের সেরূপ কোন মূল্য বা উপযোগিতা থাকে না, একথা সত্য। কিন্তু মানুষ কি তা পারে? যে মানুষের অন্নবস্ত্র, বাসস্থান, রোগ-শোক কোন কিছুর ভয় নেই, সেই মানুষ কি প্রকৃত সুখী? তার অন্তরের অন্তর্নিহিত স্থলে কি কোনও অভাববোধ নেই? দেহের ক্ষুধা কি তার মনের ক্ষুধা নিবৃত্ত করতে পারে? জীবনানন্দের ভাষায় ".... অর্থ নয়, কীর্তি নয়,

সচ্ছলতা নয়।---

আরও এক বিপন্ন বিষয়

আমাদের অস্তর্গত রক্তের ভিতরে

খেলা করে,.....”<sup>১২</sup> — আট বছর আগের একদিন (মহাপৃথিবী) ।

তাই জীবনের কোন না কোন পর্যায়ে এসে মানুষ তার বিচারবুদ্ধি, চিন্তা-কল্পনা সবকিছুকে পরিচালিত করে জীবনের অর্থ ও তাৎপর্যের অনুসন্ধান। জন্ম-মৃত্যুর বেড়া ভেঙে সে উপলব্ধি করতে চায় জীবনের মূল সত্যকে। এমনি করে মানুষ নিজের অজান্তে ক্রমে ক্রমে প্রাভাহিকতার উর্ধ্বে উঠে আসে এবং দার্শনিকতার নিরিখে সবকিছু বোঝার প্রচেষ্টা করে। সুস্থ সমাজ গঠনের জন্য সুস্থ মনের প্রয়োজন— যে মন সত্য, শিব ও সুন্দরের আদর্শে পরিপূর্ণ। এই উন্নত ও আদর্শবাসী মন গঠনে দর্শনের ভূমিকা অনস্বীকার্য।

খ) যে মানুষের মধ্যে দার্শনিক চিন্তার কণামাত্র নেই, সে তৎকালীন যুগের প্রচলিত ধারণা, বিশ্বাস এবং সংস্করের মধ্যে আবদ্ধ। চেনা পথে হেঁটেই তার সুখ। কোন সমস্যাই তার মনে কোন প্রশ্ন জাগায় না। কিন্তু আমাদের মনে যখন সন্দেহ জাগে; যা চলে আসছে তা কি ঠিক? অথবা, নতুন কিছুর মধ্যে কি সত্য রয়েছে? -- তখনই দার্শনিক চিন্তার সূচনা হয়। দিনের আলোয় শরীর ভূত যেমন ছুটে পালায়, সেরূপ দর্শনের সশেষ কুটিল অনুসন্ধানের সম্মুখে ধর্মীয় গোঁড়ামি, অন্ধকুসংস্কার, লৌকিক জড়বাদ অদৃশ্য হয়ে যায়।<sup>১৩</sup> যে মানুষ অপরের দাসত্ব স্বীকার না করে বিচারের পথে সত্যকে জানতে চায়, দর্শনই তার পক্ষে উৎকৃষ্ট আশ্রয়স্থল। নির্বোধ কল্পনিকতা ও অসাধু কৃতর্ক থেকে মুক্ত করে দর্শন আমাদের জ্ঞানের আলোয় উদ্ভাসিত করে।

গ) দর্শনের প্রকৃত যাদু নিহিত রয়েছে সেখানে, যেখানে মানুষ দর্শনের সামনে দাঁড়িয়ে নিজেকে প্রশ্ন করে : যা করেছে কিম্বা যা করছি অথবা যা করব, তা কি সত্যিই ঠিক বা উচিত? সূত্রাং, দর্শনের অপর এক লক্ষ্য হল -- মানুষকে তার বিবেক অনুসন্ধানের সচেতন করা।<sup>১৪</sup> এই বিবেক তথা আভ্যন্তরীণ অনুমোদন সম্পর্কে জন সুইফট মিল বলেন-- বিবেকের দংশন আমাদের কোন কর্তব্য সম্পাদনে বাধ্য করে যা বাইরে থেকে আমাদের উপর চাপিয়ে দেওয়া হয় না। এই আবেগ সাধারণভাবে নিঃসৃত হয় সমবেদনা ও প্রেম থেকে, সকল প্রকারের ধর্মীয় আবেগ থেকে, বাল্যকালের স্মৃতি বা বিগত জীবন অথবা আত্মমর্মান্দা বোধ, অনের প্রতি মর্য়াদা অক্ষুন্ন রাখার ইচ্ছা কিম্বা আত্মনিগ্রহ থেকে। বাহ্যিক উদ্দেশ্যকে বিচার না করলে আমাদের মনের মধ্যে অন্তর্নিহিত এই মননির্ভর অনুভূতি বা বিবেকের দংশনই হল সকল নৈতিকতার চূড়ান্ত অনুমোদন।<sup>১৫</sup> যাদের মনে বিবেকসম্মত এই অনুভূতির স্থান নেই তারা কোনপ্রকার নৈতিক নীতির প্রতিই দায়বদ্ধ থাকেন না। তাছাড়া, যে নীতিগুলি আমাদের বাহ্যিক কিম্বা ব্যক্তিগত জীবনের নৈতিক সিদ্ধান্তগুলি নিতে সহায়তা করে, সেই সকল নীতিগুলি দর্শনের অন্যতম শাখা নীতিশাস্ত্রের বিষয়। সুতরাং, দর্শনকে পরিত্যাগ করলে একই সঙ্গে আমাদের ভাল-মন্দ, উচিত-অনুচিত, ন্যায়-অন্যায় এই সকল সূক্ষ্ম মানবিক বোধগুলিও পরিত্যক্ত হবে। সেক্ষেত্রে কোন সমাজে দাঁড়িয়ে আমরা মানুষ হওয়ার জন্য অহমিকা প্রকাশ করব?



ঘ) মানুষ স্বাভাবতঃ তার ব্যক্তিগত স্বার্থের একটি ক্ষুদ্র গভীর মধ্যে বাস করে। তাই এই ক্ষুদ্র বৃত্তের বাইরে যে বিশাল জগৎ তার সংবাদ তার কাছে এসে পৌঁছায় না। কিন্তু কোন না কোনভাবে ক্ষুদ্র স্বার্থের গভীর থেকে আমরা যদি নিজেদেরকে মুক্ত করতে না পারি, এই বৃহত্তর জগতের মধ্যে দীর্ঘদিন আত্মরক্ষা করা সম্ভব হবে না। কারণ মানুষজাতির স্বার্থ না বাঁচলে পরিণামে ব্যক্তিও রক্ষা পায় না।<sup>১৮</sup> তাছাড়া, স্বার্থমগ্ন জীবনে বেঁচে থাকার মধ্যে কোনও সুখ নেই। তাই আমাদের জীবনকে যদি কোন না কোনভাবে মহৎ হতে হয়, তবে এই বন্দীদশা থেকে আমাদের মুক্তি পেতেই হবে। আর এই অবস্থা থেকে রক্ষা লাভের একটি অন্যতম উপায় হল দার্শনিক চিন্তাভাবনা।<sup>১৯</sup> জগতকে বন্ধ এবং শত্রু এই দুটি পরস্পর বিরোধী শিবিরে বিভক্ত না করে নিরপেক্ষ দৃষ্টিভঙ্গী থেকে দর্শন আমাদের দেখতে শেখায়।

ঙ) আমরা সকলেই কখনো না কখনো প্রাত্যহিক জীবন ও ঘটনার বাইরে এক বৃহত্তর জগতের আহ্বান শুনেতে পাই। নানাজনে নানাপথে দৃশ্যমান জগতের বহির্ভূত এই বৃহত্তর জগতের সাথে সম্বন্ধ স্থাপন করে। মনুষ্য চরিত্রের এই আধ্যাত্মিক অংশের তৃপ্তি অনেকেই কাছে আগে জ্ঞানমার্গে। বিশ্বকে সুসংবদ্ধরূপে উপলব্ধির প্রচেষ্টা, পরমাত্ম বা ঈশ্বর উপলব্ধির একটি অন্যতম পন্থা। এই বিষয়টিকে যিনি উপলব্ধি করতে সক্ষম হয়েছেন, দর্শন তাঁর নিকট মূল্যবান।

ঘটাপঞ্জির উদ্ভব :- দর্শনের বিরুদ্ধে উত্থাপিত ঘট আপঞ্জির প্রত্যুত্তরে বলা যায় যে -- উক্ত সমালোচকগণ যেসকল বক্তব্য উপস্থাপিত করেছেন, সেগুলিও প্রকৃতপক্ষে একপ্রকার দার্শনিক তত্ত্বমাত্র। তাছাড়া, প্রাচীন গ্রীক দর্শনের ইতিহাস থেকে Merlean Ponty কিংবা Jaspers এর দর্শনের ইতিহাস পর্যন্ত পর্যবেক্ষণ করলে বারংবার পরিলক্ষিত হয় যে-- তাঁরা সজ্ঞাকে ব্যাখ্যা করতে সচেষ্ট হয়েছেন। একজন দার্শনিক হলেন তিনি, যিনি মনের সহায়তায় যৌক্তিকভাবে চিন্তা করেন এবং জগৎ ও জীবনে শৃঙ্খলা এবং স্পষ্টতা আনার প্রচেষ্টা করেন। সুতরাং, দর্শন যৌক্তিক এবং বিজ্ঞানসন্মত ক্রিয়া ও শিক্ষা, কোন কাব্য নয়।<sup>২০</sup> যদিও প্লেটো, সেন্ট অগাস্টাইন, সার্ত্রে প্রমুখ দার্শনিকগণ কাব্যিক গুণসম্পন্ন, তথাপি তাঁদের এই গুণপ্রকৃতপক্ষে চিন্তা আদানপ্রদানের মাধ্যম মাত্র।

সপ্তম আপঞ্জির উদ্ভব :- দর্শনের বিরুদ্ধে উল্লিখিত সপ্তম আপঞ্জিটির কিছুটা সত্যতা বর্তমান। হিউমকে অনুসরণ করে দর্শনের বিরুদ্ধে উত্থাপিত সপ্তম আপঞ্জিটির নিরসন করা যেতে পারে। হিউম স্বয়ং Easy Philosophy অর্থাৎ সহজবোধ্য দর্শন এবং Abstruse Philosophy অর্থাৎ গূঢ়াৰ্থ দর্শনের মধ্যে পার্থক্য বিধান করেছেন। হিউমের মতে-- সূক্ষ্ম দর্শনের দুর্বোধ্যতা সাধারণ মানুষের স্বীকৃতি অর্জনে অক্ষম। এই দুর্ভেদ্য দর্শন আমাদের আবেগের উত্তেজনা, মেহ ভালবাসার তীব্রতা ও হৃদয়ের অনুভূতিকে ধূলিসাৎ করে দেয়। তাই প্রগাঢ় চিন্তাসম্পন্ন দার্শনিকগণ ক্ষণস্থায়ী মর্যাদা লাভ করলেও পরবর্তী প্রজন্মের জন্য সেই খ্যাতিকে ধরে রাখতে পারেন নি। এই প্রসঙ্গে হিউম বলেন-- এডিসনের রচনা লোকে হয়েছে আজও আনন্দ সহকারে পাঠ করবে কিন্তু লাকের কথা সম্পূর্ণভাবে ভুলে যাবে।<sup>২১</sup> হিউম আরও বলেন যে-- কেউ যদি কেবলমাত্র বিমূর্ত ও নিপুট দর্শনচর্চায় ব্যাপৃত থাকে, তবে তার পরিণতি হবে উদ্ভিন্ন বিষয়তা এবং তাকে নিঃসীম অনিশ্চয়তার সম্মুখীন হতে হবে। তাই হিউম বলেন -- 'দার্শনিক হতে চাও হও, কিন্তু দর্শনচর্চা করতে গিয়ে মনে রেখো তুমিও একজন মানুষ'।<sup>২২</sup> কিন্তু এতৎ সত্ত্বেও তিনি বলেন-

- এই সূক্ষ্ম দর্শনই সহজ ও মানবধর্মী দর্শনের উন্নতির সহায়ক এবং সূক্ষ্ম দর্শনের বিশ্লেষণী মনোভাব প্রত্যেক বিদ্যা বা বৃত্তিকে বিশুদ্ধতা ও পূর্ণ উৎকর্ষ সাধনে সহায়তা করে। সুতরাং, হিউমের বক্তব্যকে অনুসরণ করে সপ্তম আপত্তিটির সমাধানকল্পে আমরা বলতে পারি যে : দুর্লভ দর্শনের গভীর অনুসন্ধানের সঙ্গে সহজবোধ্য দর্শনের সুস্পষ্টতা এবং সত্যের সঙ্গে অভিনবত্বের সমন্বয় ঘটিয়ে বিভিন্ন দর্শনকে যদি আমরা একত্রে মিলিত করতে পারি, তবে আমরা সুখী হব।<sup>১১</sup> কারণ, সেই দর্শনই হবে সর্বজনগ্রাহ্য যার স্পর্শে ধর্ম হবে প্রীতিপ্রদ, বিজ্ঞান হবে আনন্দদায়ক, জনস। হবে শিক্ষাপ্রদ, অবসর হবে উপভোগ্য।

দর্শনের বিরুদ্ধে উত্থাপিত উপরিউক্ত আপত্তিসমূহ নিরসনের মধ্য দিয়ে দর্শনের মূল্য তথা তাৎপর্য সম্পর্কিত চিত্রটি স্পষ্ট হয়ে ওঠে। দর্শন চিন্তার বিলাসিতা নয়, জগৎ ও জীবনের স্বরূপ সম্পর্কে অবহিত হয়ে তার আলোকে জীবনকে সুনিয়ন্ত্রিত করা এবং যথার্থ পথে পরিচালিত করা। ক্ষুদ্র স্বার্থের গভী থেকে মুক্ত করে, চিরকালীন ধারণা ও সংস্কারের ছত্রছায়া থেকে মুক্ত দর্শন মানুষকে বিশাল বিশ্বের সাথে এক হয়ে যাওয়ার শিক্ষা প্রদান করে, তাকে মুক্ত চিন্তার অধিকারী করে। দর্শন মানুষের জীবনের পরম প্রয়োজনের সাথে জড়িত।<sup>১২</sup> মানব জীবনের প্রতিটি সঙ্কটে তার প্রয়োগ। হিউগেনস্টাইনের মতে দর্শন সমস্যার জাল থেকে মুক্তির পথ দেখায়। তিনি বলেন-- যদি আমাকে প্রশ্ন করা হয় : 'দর্শনের তোমার উদ্দেশ্য কি?' তবে, আমি বলব 'বোতলের আবদ্ধ মাছিটিকে বোতল থেকে বেরানোর পথ দেখানো।'<sup>১৩</sup> (দি ফিলসফিক্যাল ইনভেস্টিগেশনস, বিভাগ- ৩০৯) আবার, জ্ঞানের রাজ্যে অন্যান্য বিজ্ঞানগুলি হল বৃক্ষস্বরূপ আর দর্শন হল মৃত্তিকা যার উপস্থিতি বিজ্ঞানগুলির অস্তিত্বকে সম্ভবপর করে তুলেছে।<sup>১৪</sup> সুতরাং, দর্শনশাস্ত্রের ভূমিকা কেবলমাত্র দার্শনিকদের মধ্যেই সীমাবদ্ধ নয়। প্রতিটি মানুষকে তার জীবনের কোন না কোন মুহূর্তে দর্শনের দ্বারপ্রান্তে উপনীত হতে হয়। সকল প্রাকৃত বিজ্ঞানী, ঐতিহাসিক এবং শিল্পীর ক্ষেত্রেই একথা একইভাবে প্রযোজ্য। আসলে বুদ্ধিদীপ্ত জীবনবোধ থেকেই দর্শনের জন্ম। তাই জীবন প্রেমিক মানুষ মাত্রই দার্শনিক। এই দার্শনিকতা মানুষকে সৌন্দর্যের দর্শন মানব জীবনের দিক্‌দর্শন যন্ত্র। আমাদের জীবনে পরম কল্যাণ ও অনাবিল আনন্দ সম্মানে সহায়ক। পেরী যথার্থই বলেছেন যে-- দর্শন অলৌকিক বা আকস্মিক কিছু নয়, এ হল মানব জীবনে অনিবার্য এবং স্বাভাবিক।<sup>১৫</sup> প্লেটোর মতে -- একজন দার্শনিক হলেন সত্য ও সত্তার প্রেমী, যার প্রকৃতি পূর্ণতা লাভের সাথে যুক্ত এবং এই সকল বৈশিষ্ট্যসমূহকে যথাযথভাবে অনুশীলন করলে একজন দার্শনিকের ন্যায় কেউই এত ভাল এবং আলৌকিক হতে পারেন না।<sup>১৬</sup> দার্শনিক হলেন এমন একজন মানুষ যিনি সকল প্রকার আবেগকে অতিক্রম করে আত্মাকে যথাসম্ভব বিশুদ্ধ রাখতে সক্ষম হয়েছেন।<sup>১৭</sup> সুতরাং, মানুষ পূর্ণ হতে চায় আর দর্শনের হাত ধরেই তাই সে এগিয়ে চলে পূর্ণতার লক্ষ্যে। জীবন এবং দর্শন একই সাথে চলমান। তাই আমরা দার্শনিক 'হব' কি 'হব না' এই প্রশ্নের কোন অবকাশ নেই। প্রশ্ন হলো : আমরা 'ভাল দার্শনিক' হব না 'মন্দ দার্শনিক' হব? জগৎ এবং জীবনের অস্তিত্ব যতদিন থাকবে, দর্শনও ততদিন বেঁচে থাকবে। কারণ, জীবন ও দর্শন এক অচ্ছেদ্য বন্ধনে বাঁধা।<sup>১৮</sup> জীবন মানেই দর্শন, দর্শন মানেই জীবন।

## নিদেশিকা

১। এবং

২। গীতবিতান – রবীন্দ্রনাথ ঠাকুর, সন- ভাদ্র ১৩৪৫, পৃঃ- ৩৭৯।

৩। “Only the man who has a taste for every sort of knowledge and throws himself into acquiring it with an insatiable curiosity will deserve to be called a philosopher.”

-- দি রিপাবলিক অফ প্লেটো – ফ্রান্সিস ম্যাকডোনাল্ড কর্নফোর্ড, সন - ১৯৪১, পৃঃ- ১৮২।

৪। “If you consider Philosophy sitting in an ivory tower, even then you prove this to be the fate of human beings.” --- ইনস্টিটিউট ফিলসফি --- আনন্দ অমলা দাস, সন - ২০০১, পৃঃ- ২।

৫। “The same problems, ..... the same disputes, the same sheer failure. Why not abandon it and come out?” --- অ্যাপিয়ারেন্স এন্ড রিয়ালিটি --- এফ. এইচ. ব্রাডলে, নবম মুদ্রণ, সন - ১৯৩০, ভূমিকা, পৃঃ- ২।

৬। “Whereof one cannot speak, thereof one must be silent.” --- দি হিটগেনস্টাইন রিডার --- এ্যানথনি কেনি, সন - ১৯৯৪, পৃঃ- ৩১।

৭। “Philosophy must be something different from a collection box for unresolved problems.” --- ইনস্টিটিউট ফিলসফি --- আনন্দ অমলা দাস, সন - ২০০১, পৃঃ- ৪।

৮। “Philosophy is ..... a radical science, in the sense that it goes to the roots, deeper than other sciences. It will further analyze and question where the others are satisfied.” --- ইনস্টিটিউট ফিলসফি --- আনন্দ অমলা দাস, সন- ২০০১, পৃঃ- ৯।

৯। “..... I dissent emphatically from the conclusion that, because imperfect, it is worthless.” --- অ্যাপিয়ারেন্স এন্ড রিয়ালিটি --- এফ. এইচ. ব্রাডলে, নবম মুদ্রণ, সন - ১৯৩০, ভূমিকা, পৃঃ- ৩।

১০। “..... Philosophy, instead of losing ground through the development of science, has become more lively and Richer.” --- ইনস্টিটিউট ফিলসফি --- আনন্দ অমলা দাস, সন- ২০০১, পৃঃ- ৪।

১১। “..... those questions which are already capable of definite answers are placed in the sciences, while those only to which, at present, no definite answer can be given, remain to form the residue which is called philosophy.” --- দি প্রবলেমস অব ফিলসফি-- বার্ট্রান্ড রাসেল, চতুর্থ মুদ্রণ, সন - ১৯৮৯, পৃঃ- ৯০।

- ১২। জীবনানন্দ দাস-- কাব্যসমগ্র, ক্ষেত্রগুপ্ত সম্পাদিত, ভারবি কর্তৃক প্রকাশিত, সন- পৌষ ১৪০৭ (জানুয়ারি ২০০১) পৃঃ- ২৩৬।
- ১৩। “Our orthodox theology on the one side, and our common place materialism on the other side, vanish like ghosts before the daylight of free sceptical inquiry.”-- অ্যাপিয়ারেল এন্ড রিয়ালিটি --- এফ. এইচ. ব্রাডলে, নবম মুদ্রণ, সন- ১৯৩০, ভূমিকা, পৃঃ- ৪।
- ১৪। “The aim of Philosophy is to bring man towards the struggle for conscience.”-- ইন্ট্রোডাকশন টু ফিলসফি --- আনন্দ অমলা দাস, সন- ২০০১, পৃঃ- ৩৮।
- ১৫। “The ultimate sanction, therefore, of all morality (external motives apart) being a subjective feeling in our own minds, ,,,,”--- ইউটিলিটারিয়ানিজম--- জন স্টুয়ার্ট মিল, সন - ১৮৬১, পৃঃ- ২৮।
- ১৬। “No man ..... can be saved unless the race is saved.” --- কনটেম্পোরারি ইণ্ডিয়ান ফিলসফি --- বসন্ত কুমার লাল, সন- ১৯৭৩, ভূমিকা, পৃঃ- ১৭।
- ১৭। “ .....if our life is to be great and free, we must escape this prison and this strife. One way of escape is by philosophic contemplation.”--- দি প্রবলেমস অব ফিলসফি-- বার্ট্রান্ড রাসেল, চতুর্থ মুদ্রণ, সন - ১৯৮৯, পৃঃ- ৯২।
- ১৮। “.....Philosophy was a reasonable, a scientific activity, a teaching, and not poetry.” --- ইন্ট্রোডাকশন টু ফিলসফি --- আনন্দ অমলা দাস, সন -২০০১, পৃঃ- ৬।
- ১৯। “Addison, perhaps, will be read with pleasure, when locke shall be entirely forgotton.” --- এ্যান এনক্যারি কনসার্নিং হিউম্যান আন্ডারস্ট্যান্ডিং -- ডেভিড হিউম-- ডঃ জে. এন. মোহান্তির ভূমিকা সহ, সন- ১৯৯২, পৃঃ- ৩।
- ২০। “Be a Philosopher; but, amidst all your Philosophy, be still a man.”--- এ্যান এনক্যারি কনসার্নিং হিউম্যান আন্ডারস্ট্যান্ডিং -- ডেভিড হিউম-- ডঃ জে. এন. মোহান্তির ভূমিকা সহ, সন- ১৯৯২, পৃঃ- ৪।
- ২১। “Happy, if we can unite the boundaries of the different species of Philosophy, by reconciling profound enquiry with clearness, and truth with novelty.”--- এ্যান এনক্যারি কনসার্নিং হিউম্যান আন্ডারস্ট্যান্ডিং -- ডেভিড হিউম-- ডঃ জে. এন. মোহান্তির ভূমিকা সহ, সন- ১৯৯২, পৃঃ- ৯।
- ২২। “Philosophy..... grows directly out of life and its needs.”--- প্রবলেমস অব ফিলসফি ---কানিংহাম, পৃঃ- ৫।
- ২৩। “What is your aim in Philosophy-- To shew the fly the way out of the fly-

- bottle.” -- দি ফিলসফি অফ হিটগেনস্টাইন, জর্জ পিচার, সন- ১৯৮৫, পৃঃ- ১৯৬।
- ২৪। “In the realm of cognition, the special sciences are the trees, but Philosophy is the soil, which makes them possible.”-- এইন্ রান্ড, ফিলসফি হু নিডস্ ইট ,পৃঃ- ২।
- ২৫। “Philosophy is neither accidental nor supernatural but inevitable and normal.” -  
-- প্রবলেমস অফ ফিলসফি --- পেরী, সন- ১৯০৫ পৃঃ- ২২।
- ২৬। “..... a Philosopher is a lover of truth and reality; or that his nature,.... is allied to perfection; or again, that given the right training, no other will be so completely good and enlightened.” -- দি রিপাবলিক অফ প্লেটো -- ফ্রান্সিস ম্যাকডোনাল্ড কর্নফোর্ড, সন- ১৯৪১, পৃঃ- ২১০।
- ২৭। “The Philosopher is a man who has been able to rise superior to his passions and become, so far as human being can, pure soul.”-- মেটাফিজিক্স-- ডব্লিউ. এইচ. ওয়ালস, সন- ১৯৬২, পৃঃ- ২৫।
- ২৮। “Philosophy is essentially tied up with life.”--- কনটেম্পোরারি ইণ্ডিয়ান ফিলসফি --  
- বসন্ত কুমার লাল, সন- ১৯৭৩, ভূমিকা, পৃঃ- ১৭।

## ধারণার আদর্শরূপী মতবাদ : কিছু নমুনা বৈশিষ্ট্য

সুমনা বেরা

11211

কোনো বিষয়ের ধারণা কিভাবে গঠিত হয় সেই সম্পর্কে দার্শনিকগণ ও মনোবিদগণ নানা মতবাদের কথা বলেছেন। বিষয়ের ধারণাকে তাঁরা সাধারণতঃ একপ্রকার প্রতিরূপক বলে মনে করেন। এই ধরনের প্রতিরূপকগুলি আমাদের জ্ঞানজ প্রক্রিয়ায় কিভাবে অংশগ্রহণ করে তা নিয়ে আবার নানা মত প্রচলিত রয়েছে। মনোবিদগণ এবং দার্শনিকগণ এ বিষয়ে নানা পরীক্ষা করেছেন এবং এখনো সেই কাজ তারা চালিয়ে যাচ্ছেন। এই মতবাদগুলির মধ্যেই বিখ্যাত অথচ ততোধিক সমালোচিত একটি মতবাদ নিয়েই এখানে আলোচনা করবো।

১৯৬০ খ্রীঃ শেষের দিকে Posner এবং Keele নামক দুই বিজ্ঞানী পরীক্ষাগারে কয়েকজন ব্যক্তির ওপর বেশ কয়েকটি পরীক্ষা করে দেখেন যে সেই ব্যক্তিবর্গ যখন কোনো বিষয়কে একটি ধারণার অন্তর্গত করছেন, তখন ঐ বিষয়টির বৈশিষ্ট্যগুলি একটি প্রতিরূপক গঠনের মধ্য দিয়ে তাঁদের স্মৃতিতে সঞ্চিত থাকছে। পরবর্তীকালে নতুন কোনো বিষয়কে ঐ ধারণার অন্তর্গত করার সময় পূর্বে গঠিত প্রতিরূপকটি সেই কাজে সেই ব্যক্তিদের সাহায্য করছে।

এই ঘটনাটি এবং পরবর্তীকালে বেশ কিছু গবেষণার মধ্য দিয়ে ১৯৭০ খ্রীষ্টাব্দ নাগাদ বিষয়ের ধারণা সংক্রান্ত একটি নতুন মতবাদের উদ্ভব হয়। এই মতবাদটি ‘আদর্শরূপী মতবাদ’ বা ‘Prototype Theory’ নামে পরিচিতি লাভ করেছে।

Sapir-Whorf প্রকল্পে বলা হয়েছিল যে ভাষাগত ভিন্নতা ব্যক্তি মনে একই বস্তু সম্পর্কে ভিন্ন ধারণা সৃষ্টি করে। কিন্তু বিজ্ঞানী Berlin এবং Kay 1969 খ্রীষ্টাব্দ নাগাদ যে কথা বলতে চাইলেন, 1972 খ্রীষ্টাব্দে বিজ্ঞানী Heider -ও সেইরকমভাবে নানা পরীক্ষার মধ্য দিয়ে দেখালেন যে ভিন্ন সামাজিক পরিবেশ বা ভাষাগত ভিন্নতা থাকলেও প্রাথমিক ধারণা গঠনের ক্ষেত্রে এই মানুষগুলির মধ্যে সাদৃশ্য রয়েছে। আদর্শরূপী মতবাদীরা মনে করেন বেশীরভাগ প্রাথমিক ধারণা হল একধরনের যৌগ প্রতিরূপক। এই প্রতিরূপকের বৈশিষ্ট্যগুলি জানলেই ঐ ধারণার অন্তর্গত সদস্যদের কি ধরনের বৈশিষ্ট্য রয়েছে বা কি ধরনের বৈশিষ্ট্য থাকার প্রবণতা রয়েছে তার আভাস পাওয়া যায়। এই ধরনের প্রতিরূপকগুলিকে ঐ শ্রেণীর ‘আদর্শ প্রতিরূপক’ বলে মনে করা হয়। আদর্শ প্রতিরূপকবাদীদের মতে এইরূপ প্রতিরূপক গঠনের মধ্য দিয়েই শিক্ষার্থী বিভিন্ন শ্রেণী সম্পর্কে শিক্ষা অর্জন করে থাকে। তবে এই আদর্শ প্রতিরূপক যে বাস্তবে অভিজ্ঞতালব্ধ কোনো বিশেষ দৃষ্টান্তকেই নির্দেশ করবে - এমনটি ভাবার প্রয়োজন নেই। বরঞ্চ কোনো শ্রেণীর আদর্শরূপটি ঐ শ্রেণীর সকল সদস্যের সারাংশ হবে একথা বলা যেতে পারে। অন্যভাবে বলতে গেলে প্রতিটি শ্রেণীর আদর্শরূপটি হল ঐ শ্রেণীর বা শ্রেণী-সদস্যদের বৈশিষ্ট্যের গড় মানযুক্ত বিষয়। শ্রেণীর কয়েকটি দৃষ্টান্তকে অভিজ্ঞতার দ্বারা প্রাপ্ত হলে ঐ

শ্রেণীর আদর্শরূপটি গঠিত হয় এবং নতুন কোনো বিষয়কে ঐ ধারণার অন্তর্ভুক্ত করতে গিয়ে আদর্শরূপের সঙ্গে তার সাদৃশ্য খোঁজা হয়। তাই আদর্শরূপকে আমরা এক্ষেত্রে নির্দেশক বিন্দু বলতে পারি।

একটি নতুন বিষয়কে কোনো ধারণার অন্তর্গত করতে গিয়ে দেখা হয় যে কোন্ শ্রেণীর আদর্শরূপের সঙ্গে বৈশিষ্ট্যের দিক থেকে ঐ বিষয়টির সর্বাধিক মিল রয়েছে। বৈশিষ্ট্যের সাদৃশ্য ও বৈসাদৃশ্যের নিরিখে নতুন সদস্য অন্তর্ভুক্ত হওয়ার ফলে ঐ শ্রেণীর গড় মান পরিবর্তিত হয়ে যায়। ফলে শ্রেণীর আদর্শরূপটির অবস্থানের পরিবর্তন হয় কারণ আদর্শরূপ সবসময় চেতনা করে সকল সদস্যের মাঝামাঝি জায়গায় অবস্থান করতে। আদর্শরূপ তার বর্তমান অবস্থা থেকে নতুন বিষয়ের দিকে সরে আসে এবং এইভাবে সরে গিয়ে কেন্দ্রীয় প্রবণতারূপে তাকে দেখা যায়। সুতরাং কোনো ব্যক্তি কোনো শ্রেণীর আদর্শরূপটিকে সেইভাবেই নিয়ন্ত্রণ করেন যাতে সেটি ঐ শ্রেণীর যতবেশী সম্ভব সদস্যদের সঙ্গে যতটা সম্ভব ততটাই সাদৃশ্যযুক্ত হতে পারে। আর আমরা এটাও বুঝতে পারছি যে কোনো শ্রেণীর আদর্শরূপের কোনো নির্দিষ্ট অবস্থানগত পরিবেশ নেই।

কোনো একটি শ্রেণীর - সদস্যের মধ্যে আদর্শরূপটির বৈশিষ্ট্যগুলি অর্জনের প্রবণতা থাকবে বটে, কিন্তু প্রতিটি বৈশিষ্ট্য প্রতিটি সদস্যের মধ্যে থাকবে, একথা বলা যায় না। অর্থাৎ প্রতিটি বৈশিষ্ট্য প্রত্যেক সদস্যের ক্ষেত্রে আবশ্যিক নয়। একটি শ্রেণীর সদস্য হতে গেলে পর্যাপ্ত সংখ্যক বৈশিষ্ট্য থাকলেই চলবে। যেমন - 'পাখি' শ্রেণীটির বৈশিষ্ট্য হিসাবে উড়তে পারে 'গান গাইতে পারে' গাছে বাসা বেঁধে থাকে, 'ডিম পাড়ে' ইত্যাদির সমন্বয়কে বোঝানো হয়। 'পালিখ' বিষয়টি পাখি শ্রেণীর অন্তর্গত করতে আমাদের কোনো অসুবিধা হয় না। অপরদিকে 'পেঙ্গুইন' বিষয়টিকেও 'পাখি' শ্রেণীর অন্তর্ভুক্ত করা হবে। কারণ 'পাখি' বলতে আমরা যা বুঝি তার সকল বৈশিষ্ট্য 'পেঙ্গুইন' - এ না থাকলেও 'পাখি' শ্রেণীর অন্তর্ভুক্ত হওয়ার জন্য 'পেঙ্গুইন' -এ উপস্থিত বৈশিষ্ট্যগুলি যথেষ্ট।

আদর্শরূপী মতবাদীদের এই ধরনের আলোচনা দার্শনিক Wittgenstein - এর কথা মনে করিয়ে দেয়। Wittgenstein বলেছিলেন যে কোনো বিষয়কে কোনো শ্রেণীর অন্তর্গত করার পিছনে পারিবারিক সাদৃশ্যের প্রভাব থাকে। কোনো পরিবারের সদস্যদের হয়তো- দীর্ঘকায় হওয়ার, দীর্ঘ নাসিকা থাকার, গায়ের রঙ মাঝারি হওয়ার, চোখের মনি দুটি খয়েরি হওয়ার এবং পেশীর বাঁধন দৃঢ় হওয়ার প্রবণতা রয়েছে। পরিবারের কোনো সদস্যের মধ্যেই সকল গুণের প্রকাশ হয়তো ঘটেনি, অথচ এমন কিছু গুণ প্রত্যেক ব্যক্তিরই আছে যাতে তাদেরকে ঐ পরিবারের সদস্য বলে চিহ্নিত করা যাচ্ছে। একেই আমরা পারিবারিক সাদৃশ্য বলে থাকি। তেমনি আমরা 'খেলা' শ্রেণীর কথা ভাবতে পারি যেখানে আসলে কতগুলি উন্মুক্ত বৈশিষ্ট্য রয়েছে যারা বিভিন্নরূপে একত্রিত হয়ে এক একরকম খেলার দৃষ্টান্ত তৈরি করে। সকল ধরনের খেলার মধ্যে খেলা শ্রেণীর সকল বৈশিষ্ট্য না থাকলেও যে কটি বৈশিষ্ট্য উপস্থিত থাকে তার দ্বারা তাদের মধ্যে পারিবারিক সাদৃশ্য গঠিত হয় এবং তারা সকলেই 'খেলা' শ্রেণীর গণ্ডির মধ্যে অবস্থান করে। পরবর্তীকালে দুজন বিশিষ্ট আদর্শরূপী মতবাদী Eleanor Rosch এবং Carolyn Mervis বলেন Wittgenstein- এর এই বক্তব্যের একটি তাৎপর্য হল কোনো বিষয়কে কোনো শ্রেণীর অন্তর্গত করার জন্য যৌক্তিক বা মনস্তাত্ত্বিক কোনো নির্দিষ্ট শর্তের বা যৌক্তিক নিয়মের উপস্থিতি আবশ্যিক নয়। তাঁদের মতে আদর্শরূপটি হল সেই প্রতিক্রমক যার মাধ্যমে কোনো শ্রেণীর পরিবারিক

সাদৃশ্যকে সবথেকে ভালোভাবে তুলে ধরা যায়। তবে এখানে উল্লেখ করা দরকার যে এই দুই দার্শনিক মনে করেন কোনো শ্রেণী সম্পর্কে তথ্য ঐ শ্রেণীর সবথেকে উৎকৃষ্ট সদস্যের প্রতিক্রিপাকের মধ্য দিয়েই মানুষের মধ্যে সঞ্চিত থাকে। যে সদস্যের মধ্যে সবথেকে বেশী নমুনা বৈশিষ্ট্য দেখা যায়, একেই 'আদর্শরূপ' নামকরণ করা হয়। আমরা কিন্তু এই আলোচনাতে এই মতটি না মেনে "আদর্শরূপ"কে কেন্দ্রীয় প্রবণতরূপ নির্দেশক কিদুরূপে উল্লেখ করবো। যারা এই রকমটি মনে করেন তারা বলেন যে 'কুকুর' শ্রেণীর আদর্শরূপী মানসিক প্রতিক্রিপকটি হবে সকল অভিজ্ঞতালব্ধ কুকুরের গড় মানযুক্ত। এই প্রতিক্রিপকটির গর্জন করার, লেজ খাঁকার এবং পোষ্য হওয়ার বৈশিষ্ট্যগুলি থাকতে পারে কিন্তু কোনোটিই আবশ্যিক নয়। কারণ এমন বন্য কুকুরও আছে যাদের লেজ নেই বা গর্জন করতে পারে না। তবে কখনো কখনো কিছু বৈশিষ্ট্য তুল করে কোনো শ্রেণীর আদর্শরূপের সঙ্গে জুড়ে যায়। যেমন - গরিলারা বদমেজাজি হবেই।'

যাইহোক, উপরের আলোচনার পরিপ্রেক্ষিতে এ টুকু বোঝা যাচ্ছে যে কোনো শ্রেণীর আদর্শরূপ হল কিছু বিশেষ বৈশিষ্ট্যের সংকলনের প্রতিক্রিপক। দার্শনিক Smith-এর তৈরি একটি টেবিলে দিকে ডাকিয়ে বিষয়টিকে আরেকটু স্পষ্ট করে তোলা যাক।

পাখি - ১) শরীরের বিভিন্ন অংশ -

ক) চঞ্চু আছে      খ) ডানা আছে      গ) দুটি পা আছে

২) ভ্রমণ সহায়ক -

ক) উড়তে পারে      খ) হাঁটতে পারে      গ) সাঁতার কাটতে পারে

৩) বাসস্থান-

ক) গাছ      খ) জলাশয়

৪) খাদ্য -

ক) পোকামাকড়      খ) শস্য      গ) মাছ

এই টেবিল অনুযায়ী - যার চঞ্চু আছে, উড়তে পারে, গাছে বসবাস করে, পোকামাকড় খায় ইত্যাদির সংকলনকে আমরা 'পাখি' বলে থাকি। এক-একটি পাখির এই বৈশিষ্ট্য ছাড়াও আরো কিছু বৈশিষ্ট্য থাকে, কিন্তু 'পাখি' শ্রেণীর বৈশিষ্ট্য বলতে আমরা প্রথমেই এগুলির কথা মনে করি। প্রতিটি বৈশিষ্ট্য আবার বিভিন্ন মানযুক্ত হয়। উড়তে পারাটা যেমন 'পোকামাকড় খায়'-এর থেকে বেশী গুরুত্ব পাবে, তেমনি আবার 'চঞ্চু থাকে'টা 'উড়তে পারা'র থেকে বেশী গুরুত্ব পাবে। কোনো নতুন বিষয় পাখি কিনা জানার জন্য তার 'বাসস্থান'-এর থেকে তার ভ্রমণ সহায়ক বেশী গুরুত্ব পায়। আবার খাদ্য একাধিক হলেও 'পোকামাকড় খায়' বৈশিষ্ট্যটি সবথেকে বেশী গুরুত্ব পায়। দার্শনিক Smith-এর মতে এইভাবে 'পাখি' শ্রেণীর প্রত্যেকটি বৈশিষ্ট্য ও তাদের উপবৈশিষ্ট্যগুলিকে মান অনুযায়ী সাজিয়ে নিলে বোঝা যায় যে



কিভাবে কোনো নতুন বিষয় কোনো বিশেষ শ্রেণীর সদস্য হয়। এইখান থেকেই উঠে আসে আদর্শরূপী মতবাদের একটি সুবিধার দিক। যদি বিভিন্ন ধরনের প্রাণীর খাদ্যভ্যাস নিয়ে তুলনামূলক আলোচনা করার দরকার পড়ে তাহলে ঐ সকল প্রাণী শ্রেণীর বৈশিষ্ট্যের তালিকা থেকে 'খাদ্য' বৈশিষ্ট্যকে নিয়ে পর্যবেক্ষণ করলেই চলবে, সকল প্রাণীর সকল বৈশিষ্ট্যের তথ্য নিয়ে তুলনা করার দরকার নেই। যে কোনো শ্রেণীর সদস্যদের সকল বৈশিষ্ট্যকে প্রাসঙ্গিক না করে শুধু তার গুরুত্বপূর্ণ দিকটাকে তুলে ধরার ক্ষমতার ব্যাখ্যা আদর্শরূপী মতবাদীরা দিতে পেরেছেন।<sup>২</sup>

।।২।।

আদর্শরূপ মতবাদটি প্রাথমিকভাবে নমুনা বৈশিষ্ট্যের প্রভাব এবং প্রাথমিক পর্যায়ের শ্রেণী স্তরকে ব্যাখ্যা করার জন্য মূলতঃ গঠিত হয়েছিল। দার্শনিক Rosch এবং Mervis লক্ষ্য করেছিলেন যে প্রত্যেক শ্রেণীর আদর্শরূপ কয়েকটি নমুনা বৈশিষ্ট্যের এক-একটি ঝাঁক নিয়ে তৈরি হয়েছে। নমুনা বৈশিষ্ট্য বলতে সেই বৈশিষ্ট্যগুলিকে বোঝায় যারা শ্রেণীর বিভিন্ন সদস্যের মধ্যে বারে বারে পরিলক্ষিত হয়। এই বৈশিষ্ট্যগুলির কোনোটিই আবশ্যিক নয়, আপত্তিক। কোনো নতুন বিষয়কে যখন কোনো শ্রেণীর অন্তর্ভুক্ত করার চেষ্টা হয়, তখন ঐ শ্রেণীর আদর্শরূপ এবং নতুন বিষয়ের মধ্যে তাদের প্রায় সকল বৈশিষ্ট্যের তুলনা করা হয়। 'প্রায়' কথাটি ব্যবহৃত হল কারণ কোনো ব্যক্তির কাছে নতুন কোনো নতুন বিষয়ের সকল বৈশিষ্ট্য ধরা না-ও পড়তে পারে। এবারে সাদৃশ্য ও কৈসাদৃশ্যের নিরিখে প্রতিটি বৈশিষ্ট্য ইতিবাচক বা নেতিবাচক মান বসানো হয়। যখন ইতিবাচক মান একটি নির্দিষ্ট মাত্রা অর্জন করে অর্থাৎ নমুনা বৈশিষ্ট্যের সঙ্গে নতুন বিষয়ের যথেষ্ট পরিমাণ সাদৃশ্য আছে বলে বোঝা যায় তখনই ঐ বিষয়কে ঐ শ্রেণীর সদস্য বলা যায়।

'পাখি' শ্রেণীর বৈশিষ্ট্য ও উপবৈশিষ্ট্যের মধ্যে মাত্রাভেদ করা যায় তা আগেই আমরা দেখেছি। 'পাখি' রূপে পরিগণিত হওয়ার জন্য পরিসংখ্যানগতভাবে কমপক্ষে যতটা মাত্রা পাওয়া উচিত, সেই মাত্রা যে বিষয়ের মধ্যে পাওয়া যায় তাকেই 'পাখি' বলে পরিগণনা করা হয়। যেহেতু 'শালিখ' প্রায় সকল নমুনা বৈশিষ্ট্যের অধিকারী হয়, কিন্তু 'পেঙ্গুইন' হয় না, যেমন - পেঙ্গুইন উড়তে পারে না কিন্তু সাঁতার কাটতে পারে, তাই শালিখ বৈশিষ্ট্যের মাত্রাভেদে অনেক এগিয়ে যায়। সেইজন্য 'শালিখ' সহজেই পাখিরূপে চিহ্নিত হয়। অনেক কম মাত্রা পেলেও পরিসংখ্যানগতভাবে 'পাখি' হওয়ার মাত্রা অর্জন করে বলে 'পেঙ্গুইন'কেও আমরা পাখি বলি। যাদের মধ্যে পর্যাপ্ত পরিমাণ মাত্রা এবং সাদৃশ্যের ঘাটতি থাকে তাদেরকে 'পাখি' শ্রেণীর সদস্যপদ দেওয়া যায় না।

আদর্শরূপের নমুনা বৈশিষ্ট্যের কতগুলির সঙ্গে কোনো শ্রেণী-সদস্যের কতটা মিল আছে তা লক্ষ্য করেই সদস্যদের গুরুত্ব নির্ধারণ করা হয়। অর্থাৎ কে কত ভালো সদস্য হবে তা নির্ভর করে থাকে আদর্শরূপের সঙ্গে সেই সদস্যের সাদৃশ্যের মাত্রার ওপর। যে সদস্য যত বেশী আদর্শরূপের কাছাকাছি অবস্থান করবে সে তত ভালো নমুনা-সদস্যরূপে পরিচিত হবে আর যে সদস্যের সঙ্গে যত কম সাদৃশ্য থাকবে সে তত কম মাত্রার সদস্যরূপে বিবেচিত হবে। ফলে নমুনা-সদস্যকে চিনতে আমাদের সবথেকে বেশী সুবিধা হয়, আদর্শরূপের সঙ্গে পার্থক্য তার সবথেকে কম থাকে। 'পাখি' শ্রেণীর কোন বৈশিষ্ট্যটি

বেশী গুরুত্ব পাবে এবং কোনটি তুলনামূলকভাবে কম গুরুত্ব পাবে তা নির্ভর করে থাকে আদর্শরূপের নমুনা-বৈশিষ্ট্যের গুরুত্বের মাত্রার ওপর। যত বেশী মাত্রার নমুনা-বৈশিষ্ট্যের সঙ্গে যত বেশী সাদৃশ্য, ততবেশী গুরুত্বপূর্ণ হয়ে ওঠে 'পাখি' শ্রেণীর সেই বৈশিষ্ট্যগুলি।

আবার এর বিপরীত দিকটিও আমরা পর্যালোচনা করতে পারি, একটি শ্রেণীর যে সদস্যগুলিকে আমরা বার বার প্রত্যক্ষ করি, মনে হয় যেন তাদের বৈশিষ্ট্যের সঙ্গে সামঞ্জস্য রেখেই আদর্শরূপের বৈশিষ্ট্যের গুরুত্ব নির্ধারিত হয়। যেমন - 'পাখি' শ্রেণীর সদস্যরূপে শালিখ, পায়রা, চিল, পেঙ্গুইন ইত্যাদির কথা আমরা বলতে পারি। এদের মধ্যে যাদের আমরা প্রায়শই প্রত্যক্ষ করি, তাদের বৈশিষ্ট্যগুলিই 'পাখি' শ্রেণীর আদর্শরূপের নমুনা-বৈশিষ্ট্য হয়ে দাঁড়ায়। যার থেকে যত বেশী বৈশিষ্ট্য আদর্শরূপ গ্রহণ করে সে তত উৎকৃষ্ট সদস্য হয়ে দাঁড়ায়। তাই 'শালিখ' উচ্চ পর্যায়ের নমুনা-সদস্য, 'পেঙ্গুইন' তার থেকে নিম্ন পর্যায়ের। তবে এই যুক্তিতে বোধহয় আদর্শরূপটিই হল ঐ শ্রেণীর সর্বোৎকৃষ্ট নমুনা-সদস্য।

আদর্শরূপী মতবাদটি আর একটি ঘটনার ব্যাখ্যা এখানে দিয়ে দিতে পারছে। কোনো নতুন বিষয়কে কোনো শ্রেণীর সদস্য করতে গিয়ে এক-একটি বিষয়ে এক-একরকম সময় লাগে। আদর্শরূপীরা বলছেন, যে বিষয়টি শ্রেণীর আদর্শরূপের সঙ্গে যত বেশী সদৃশ হবে, তার ক্ষেত্রে শ্রেণী-সদস্য হতে তত কম সময় লাগবে। তাছাড়া কোনো ব্যক্তি কোনো শ্রেণীর আদর্শরূপের যত বেশী নমুনা বৈশিষ্ট্য তার স্মৃতিভাণ্ডারে সঞ্চিত রাখতে পারবেন, বৈশিষ্ট্যের তুলনা করে ততটাই তাড়াতাড়ি তিনি নতুন বিষয়কে শ্রেণীভুক্ত করতে পারবেন। আদর্শরূপের সঙ্গে বিষয়ের যত বেশী বৈসাদৃশ্য থাকবে, পর্যাপ্ত পরিমাণ নমুনা-বৈশিষ্ট্যের সঙ্গে সাদৃশ্য খোঁজার জন্য ততসময় বেশী লাগবে। ফলে এই ধরনের বিষয়ের ক্ষেত্রে শ্রেণী অন্তর্ভুক্তিতে ভুলের সম্ভাবনা বেশী থাকে এবং এই ব্যাপারে দ্বিধার সৃষ্টি হয়। তবে আদর্শরূপের কেন্দ্রীয় প্রবণতার কথা আমরা জানি। যখন কোনো শ্রেণীতে কোনো নতুন সদস্যের অন্তর্ভুক্তি হয় তখন নতুন অবস্থায় আদর্শরূপের নমুনা-বৈশিষ্ট্যের সম্মিলিত মাত্রাকে পুনরায় বিবেচনা করা হয় এবং যতটা সম্ভব দ্রুতগতিতে এই কাজ করা হয়। যারা ঠিক মতো বিষয়-বৈশিষ্ট্যগুলিকে পর্যবেক্ষণ করতে পারে না, তারা সঠিকভাবে শ্রেণীভুক্তিকরণও করতে পারে না।

প্রাথমিক পর্যায়ের শ্রেণীস্তরকে আদর্শরূপীরা কিভাবে ব্যাখ্যা করেছেন তা দেখা যাক। যেকোনো শ্রেণীর ধারণার মধ্যে কয়েকটি স্তরভেদ দেখা যায়। যেমন - 'জার্মান শেপার্ড ধারণাটি নিম্নস্তরের, মধ্যস্তরে রয়েছে 'কুকুর' ধারণাটি এবং সর্বোচ্চস্তরের ধারণা হল 'স্তন্যপায়ী'। বলা হয় যে মধ্যস্তরের ধারণাগুলির শিক্ষা মানুষ প্রথমে অর্জন করে, অর্থাৎ একে প্রাথমিক পর্যায়ের শ্রেণীস্তর বলা যেতে পারে। কোনো শ্রেণীর আদর্শরূপের বৈশিষ্ট্য কেমন হবে - তা স্থির হয় এই স্তরেই। ফলে ভিন্ন সাংস্কৃতিক পরিবেশে মানুষ হয়েও কোনো শ্রেণী সম্পর্কে প্রাথমিক ধারণার ক্ষেত্রে মানুষ মানুষে সামঞ্জস্য পাওয়া যায়। এই স্তরে কোনো শ্রেণী সদস্যদের মধ্যে যেমন সবথেকে বেশী সাদৃশ্য লক্ষ্য করা যাবে, তেমনি অন্য শ্রেণী সদস্যের সঙ্গে সবথেকে ভালোভাবে বৈসাদৃশ্যকে বোঝা যাবে। এই প্রাথমিক পর্যায়ের ধারণার সঙ্গে মিলিয়ে দেখেই কোনো নতুন বিষয় শ্রেণীভুক্ত হয়।

অনেক সময়েই দেখা যায় যে কিছু বিষয়কে সহজে শ্রেণীভুক্ত করা যাচ্ছে না। যেমন - 'পেঙ্গুইন'

বিষয়টি পশ্চিম আদর্শরূপের থেকে পেজুইনের আদর্শরূপের সঙ্গে বেশী সাদৃশ্যযুক্ত। অর্থাৎ কিছু কিছু আদর্শরূপ মতবাদীরা মনে করেন যে এক-একটি শ্রেণীর একাধিক আদর্শরূপ মানতে হবে। তবে পরবর্তী ক্ষেত্রে দেখা যায় তারা প্রতিটি বিষয় ভেদে এক-একটি করে আদর্শরূপ মানতে বাধ্য হচ্ছেন এবং অবশেষে এই মতবাদটি 'দৃষ্টান্তমূলক মতবাদ'-এ পর্যবসিত হয়। হয়তো শেষপর্যন্ত আমরা আদর্শরূপ মতবাদকে আর টিকিয়ে রাখতে না পেরে অন্য কোনো পদক্ষেপ নিতে বাধ্য হব এবং সেক্ষেত্রে দৃষ্টান্তরূপ মতবাদটি এগিয়ে রয়েছে। কিন্তু এই প্রবন্ধে আমরা আদর্শরূপের আলোচনাতেই সীমাবদ্ধ থাকবো।

শ্রেণীকরণ পদ্ধতিকে যথাযথভাবে ব্যাখ্যা করার জন্য আদর্শরূপীরা নমুনা-বৈশিষ্ট্যের প্রভাব ও প্রাথমিক পর্যায়ের শ্রেণীস্তরকে যথাযথভাবে ব্যাখ্যা করার আশ্রয় চেষ্টা চালিয়েছেন। এরপর দেখা যাক ধারণা শিক্ষা অর্জন সম্পর্কে তারা কী বলছেন। কোনো নতুন বিষয় ধারণা গঠন করতে গিয়ে প্রথমেই জানতে হয় ঐ বিষয়ের বৈশিষ্ট্যগুলিকে। যেভাবে বৈশিষ্ট্যগুলি আমাদের সামনে আসে, ইন্ড্রিয়ের দ্বারা আমরা সেইভাবেই তাদেরকে জানতে পারি। যেহেতু বারের বারে প্রাপ্ত যে বৈশিষ্ট্যগুলি প্রকটরূপে দেখা যায়, তাদেরকেই কোনো শ্রেণীর নমুনা-বৈশিষ্ট্য বলে মনে করা হয়। তাই আদর্শরূপীরা বলেন যে ধারণা শিক্ষা অর্জন পদ্ধতিও আদর্শরূপের সঙ্গে সাদৃশ্যের দ্বারা নির্ধারিত হয়। কোনো শ্রেণীর সদস্যদের পর্যবেক্ষণ করে তাদের মধ্যে প্রত্যক্ষজাত বৈশিষ্ট্যগুলিকে খেয়াল করে আদর্শরূপ নিষ্কাশিত করা সমস্যার সৃষ্টি করে না। কোনো বৈশিষ্ট্য কোন শ্রেণীর আদর্শরূপে কি হারে উপস্থিত থাকছে এবং তা কতটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে সেদিকে শিক্ষার্থীর নজর থাকে। তাহলে আদর্শরূপকে জানতে হলে শ্রেণী-সদস্যের দিকে তাকাতে হয়। যখন শিক্ষার্থী এত কিছু করতে পারবেন তখন নতুন বিষয়কে শ্রেণীভুক্ত করার ক্ষমতাও তার মধ্যে জন্মায়। দার্শনিক Posner এবং Keele -এর কিছু পরীক্ষা এই বক্তব্যকে সমর্থন করে। খুব সাধারণ কৃত্রিম স্নায়ুতন্ত্র -ও বিভিন্ন শ্রেণী-সদস্য পর্যবেক্ষণের মাধ্যমে আদর্শরূপকে বুঝে নিতে পারছে। সুতরাং মানুষের মতো জটিল স্নায়ুতন্ত্র-ও যে এ কাজ করতে পারবে তাতে সন্দেহ কী! একটি শ্রেণীর সদস্যগুলিকে ধারাবাহিকভাবে প্রত্যক্ষ করার ফলে একজন ব্যক্তি ঐ শ্রেণীর আদর্শরূপকেও শ্রেণী-সদস্য বলে মনে করতে শুরু করে। আদর্শরূপকে কোথাও না দেখেও তার প্রতি যে বিশ্রাস জন্মায় কোনো বিষয়কে ঐ শ্রেণীর সদস্যরূপে প্রত্যক্ষ করার পরও তার ওপর অতটা বিশ্রাস জন্মায় না। অনেক সময়ই অনুমান পদ্ধতির মধ্য দিয়ে কোনো বিষয়কে কোনো শ্রেণীর অন্তর্ভুক্ত করতে অসুবিধা হয়। এই অস্পষ্টতার কারণ হল নমুনা-বৈশিষ্ট্যগুলির আপত্তিক ধর্ম। আংশিক ধর্মের অনুপস্থিতির কথা বলে আদর্শরূপীরা এইভাবেই পদ্ধতির এই অসুবিধাটির ব্যাখ্যা দিতে সক্ষম হয়েছেন।<sup>১</sup>

শ্রেণীবিভাজন ব্যবস্থার প্রধান কাজই হল কম পরিমাণে যত বেশী সম্ভব তথ্য জ্ঞান ভাণ্ডারে সঞ্চিত রাখা। অর্থাৎ শ্রেণী-সদস্যের থেকে যেমন তথ্য সংগৃহীত হবে, তেমনি সেই তথ্যের মধ্যে সংযম থাকবে যাতে অযথাধর্ম শ্রেণীভুক্তি না হয়ে যায়। আদর্শরূপীরা এই বৈশিষ্ট্যগুলিকে ভালোভাবেই ফুটিয়ে তুলতে পেরেছেন বলে মনে হয়।

|| ৩ ||

কিন্তু কোনো কোনো দার্শনিক এবং মনোবিদ মনে করেন আদর্শরূপ মতবাদ ধারণা গঠনের

সঠিক ব্যাখ্যা দিতে পারে না। তারা মনে করেন মানুষের ধারণা শিক্ষণ পদ্ধতি সম্পর্কে আদর্শরূপীরা সন্তোষজনক ব্যাখ্যা দিতে পারেন নি। যে শ্রেণী-সদস্যের দিকে তাকিয়ে শিক্ষা অর্জন করা হয় তারা আদর্শরূপ সম্পর্কে পর্যাপ্ত তথ্য কখনোই আমাদের জানাতে পারে না। মানুষের শিক্ষা অর্জন পদ্ধতি সম্পর্কে একটি যথার্থ মতবাদ রূপে টিকে থাকার জন্য এই ধরনের আদর্শরূপী প্রতিকল্পকগুলি অনেক তথ্যকে বর্জন করেই একটি নীতি নির্ধারণ করে। যেমন কোনো সদস্য কতবার ব্যক্তির সামনে উপস্থিত হচ্ছে সেই হার-ও মানুষের শিক্ষার ওপর প্রভাব ফেলে, কিন্তু আদর্শরূপ সেই তথ্য সঞ্চিত রাখে না। ধরা যাক কোনো বিষয় দুটি শ্রেণীর অন্তর্ভুক্ত হওয়ার জন্য সমান যোগ্য। সেক্ষেত্রে ঐ বিষয়টিকে কোনো শ্রেণীর অন্তর্গত করতে গিয়ে দেখা যায় যে শ্রেণীটির সঙ্গে আমাদের বেশীবার সাক্ষাৎ হয় তাকেই আমরা বেশী যোগ্য বলে মনে করি। ধরা যাক কোনো দুটি শ্রেণীর মধ্যে 'আকার' বৈশিষ্ট্যটির মধ্যে ১০ গুণের বেশী ফারাক, তবু সেটি আমাদের কাছে বেশী গুরুত্বপূর্ণ হয় না, যতটা গুরুত্বপূর্ণ হয় তাদের সঙ্গে আমাদের পরিচিতির হারটি। কোথাও একটি ছোট স্থানে বেশ কিছুটা জল জমে থাকলে আমরা সাধারণতঃ বলে থাকি 'দেখো পুকুরের মতো জল জমে রয়েছে', অথচ একটি ডোবার থেকে একটি পুকুরের আয়তন অনেক বেশী। যেহেতু পুকুরের ধারণা ডোবার ধারণার থেকে বেশী প্রচলিত এবং ধারণাটি পরিবর্তনশীল ও বটে তাই এই রকমটি হয়ে থাকে। দুটি শ্রেণীর মধ্যে গাণিতিক পদ্ধতি প্রয়োগ করে যখন একটি থেকে আরেকটিকে সরাসরি আলাদা করা যায় তখন-ই আদর্শরূপ মতবাদ আমাদের সাহায্য করতে পারে। কোনো নতুন বিষয়ের বৈশিষ্ট্যগুলিকে দেখেই যদি তাদের মধ্যে মাত্রাভেদ করে তার যোগফল করে ফেলা যায় তাহলে অভ্যাসবশে বলে দেওয়া যাবে সেটি কোন শ্রেণীর। আমাদের জ্ঞাত শ্রেণীগুলির মাত্রার যোগফলের সঙ্গে মিলিয়ে দেখে এই কাজ আমরা করে থাকি।

কিন্তু আমরা সবসময় এইভাবে শিক্ষা অর্জন করি না। অনেকসময় সোজাসুজি পার্থক্য না করা গেলেও শ্রেণী সম্পর্কে জ্ঞান অর্জন সহজেই হয়ে যায়। যেমন 'ছোট পাখি গান করতে পারে কিন্তু বড় পাখি পারে না' - এই তথ্য খুব স্বাভাবিক বলে আমাদের মনে হয়। কিন্তু আদর্শরূপের দ্বারা এই ঘটনার ব্যাখ্যা কিভাবে দেওয়া যাবে? এই সমস্যাগুলির সমাধানে কোনো শ্রেণীর সেই বৈশিষ্ট্যগুলির কথাও ভাবতে হবে যারা একাধিক বৈশিষ্ট্যের সমন্বয়ে গঠিত জটিল বৈশিষ্ট্য। এই ধরনের এক-একটি বৈশিষ্ট্য আসলে একাধিক সরল বৈশিষ্ট্যকে আমাদের সামনে তুলে ধরে। ফলে সবগুলিকে গুরুত্ব দিতে হয় এবং তখন দেখা যায় যে ঘটনাটি তত সহজ নয়।

কোনো বিষয়কে কোনো শ্রেণীর অন্তর্গত করতে গেলে পরিবেশের প্রভাবও সেই পদ্ধতিকে চালিত করে। বিষয়টি সেইসময়ে কোন পরিস্থিতিতে আছে তার ওপর ঐ বিষয়টির ধারণার মান নির্ভর করে থাকে। যেমন - 'বরফের দেশের পাখি' বলতে 'পেঙ্গুইন'কে উৎকৃষ্ট নমুনা-সদস্য আমরা বলতে পারি, অথচ সাধারণভাবে 'পাখি' বলতে তাকে সেই উচ্চমান দেওয়া হয় না। প্রতিটি পরিস্থিতির জন্য ভিন্ন ভিন্ন আদর্শরূপ না মানলে পরিবেশের এই প্রভাব সংক্রান্ত ব্যাখ্যা আদর্শরূপীরা দিতে পারেন না।

যদিও আদর্শরূপীদের মতে কেন্দ্রীয় প্রবণতার সঙ্গে সাদৃশ্যের নিরিখেই কোনো বিষয় কোনো শ্রেণীভুক্ত হয়, কিন্তু কখনো কখনো দেখা যায় কোনো একটি বিশেষ নমুনা-বৈশিষ্ট্য -এর (সাধারণতঃ সেটি সর্বোৎকৃষ্ট হয়) সঙ্গে সাদৃশ্য খুঁজে নিয়েই বিষয়ের শ্রেণীভুক্তিকরণ হয়ে যায়। যেমন - 'সুখম

আহার' বলতে সেই খাদ্যগুলির কথাই ভাবা হয় যারা 'শূন্য ক্যালোরি' নামক বৈশিষ্ট্যের সঙ্গে সাদৃশ্যযুক্ত। যত বেশী সাদৃশ্য থাকে তাকে তত বেশী উৎকৃষ্ট সদস্য বলা হবে। অর্থাৎ কেন্দ্রীয় প্রবণতার সকল নমুনা-বৈশিষ্ট্যের গড় হিসাবে এখানে কাজটি হচ্ছে না।

কখনো কখনো কোনো বিষয়ের শ্রেণীবিভাগ করতে গিয়ে গভীর বিশ্লেষণ না করেই কাজটি করে ফেলি। কিন্তু এই ধরনের অসতর্কতা আমাদের ঠকাতে পারে। একটি ভেড়ার পোষাক পরা নেকড়ে কিন্তু আসলে নেকড়েই থেকে যায়। বাস্তবে সোটি ভেড়ার আদর্শরূপের সঙ্গে বেশী সদৃশ। সুতরাং একমাত্র আদর্শরূপের সঙ্গে সাদৃশ্যই বাচ্য নির্ধারণে পর্যাপ্ত নয়। সরাসরি নির্দেশ করা যায় এমন বিষয়গুলি আদর্শরূপের দ্বারা শ্রেণীভুক্ত করা গেলেও একটু অন্যরকম কিছু হলে আদর্শরূপ মতবাদ সাহায্য করতে পারে না। মানুষ কিন্তু সেগুলি সম্পর্কে চিন্তা করে সিদ্ধান্তে আসতে পারে।

একটি বিষয় সম্পর্কে আপাতদৃষ্টিতে যা জানা যায় তা কোনো শ্রেণীসংক্রান্ত জ্ঞানের খুব অল্প তথ্যই আমাদের সামনে তুলে ধরতে পারে। অথচ প্রত্যেকের অগোচরে থাকা আরো কিছু আমরা জানতে পারি। যে নমুনা-বৈশিষ্ট্যগুলি প্রত্যেকে ধরা পড়ে তাদের পারস্পরিক সম্পর্ক, শ্রেণীসদস্যগুলি কিভাবে একটি শ্রেণীর ধারণা গঠনে সাহায্য করে, অন্যান্য শ্রেণী সদস্যের সঙ্গে কোনো শ্রেণীসদস্যের সম্পর্ক ইত্যাদি সবকিছুই নতুন বিষয়কে শ্রেণীভুক্ত করার সময় প্রভাব সৃষ্টি করে। এত উন্নতস্তরের তথ্য আমাদের মধ্যে সঞ্চিত থাকা সত্ত্বেও শুধু আপাতদৃষ্টিতে পাওয়া নমুনা-বৈশিষ্ট্যকে এতটা গুরুত্ব দেওয়ার কোনো মানে হয় না।

বিভিন্ন শ্রেণীর ধারণাকে নানাভাবে মিশ্রিত করে নতুন ধারণা গঠনের ক্ষেত্রে আদর্শরূপীদের ব্যাখ্যা মোটেই সন্তোষজনক নয়। যেমন 'পোষ্য পাষি' ধারণাটি খাঁচায় বন্ধরূপ একটি বৈশিষ্ট্যের কথা আমাদের মনে করিয়ে দেয়। অথচ শুধু 'পোষ্য' বা 'পাষি' ধারণার মধ্যে এই বৈশিষ্ট্যটি থাকে না। তাহলে আদর্শরূপের সঙ্গে সাদৃশ্য রেখে নিশ্চয়ই ধারণাটি মিশ্রিত হয় না। আদর্শরূপীরা এই ঘটনারও ব্যাখ্যা দেননি।

ক্রটি সত্ত্বেও আদর্শরূপীদের বক্তব্য শিক্ষণের একদম প্রথম অবস্থায় বা পরবর্তী কোনো কোনো সময়ে প্রয়োগের প্রমান অনেকেই পেয়েছেন। এই মতবাদটি সম্পর্কে জানার পরে প্রাথমিকভাবে মনে হয় যেন এইভাবেই সকল কিছু হয়। কিন্তু উপরের আলোচনাতে আদর্শরূপের স্বপক্ষে যে যুক্তিগুলি প্রাথমিকভাবে জোরালো বলে মনে হয়েছিল এখন যেন তাদেরকে আর মেনে নেওয়া যাচ্ছে না। তাহলে কি আদর্শরূপ মতবাদ মেনে নেওয়া যাবে না, নাকি এই মতবাদের মধ্যে বেশ কিছু পরিবর্তন আবার একে গুরুত্বপূর্ণ স্থান এনে দিতে পারবে? পরিবর্তন তো আনতেই হবে কিন্তু পরিবর্তিত অবস্থাকে আর আদর্শরূপী মতবাদ বোধ হয় বলা যাবে না। কিছু পরিবর্তন সাধন করে যে মতবাদটি উৎপন্ন হয়, তা হল দৃষ্টান্তমূলক মতবাদ। দৃষ্টান্তমূলক মতবাদটিও এইরকম আকর্ষক একটি বিষয়, কিন্তু এই প্রবন্ধে আদর্শরূপী মতবাদীদের কথার মধ্যেই সীমাবদ্ধ থাকলাম।

### References

1. Lynn Nadel (Ed.), *Encyclopedia of Cognitive Science*, Nature Publishing Group, Mac Millan Publishers Ltd., 2003.
2. Jesse J. Prinz., *Furnishing the Mind : Concepts and their Perceptual Basis*, A Bradford Book, The MIT Press, 2002.
3. E. Margolis and S. Laurance (ed.), *Concepts : Core Readings*, A Bradford Book, The MIT Press, Massachusetts, 1999.

### Bibliography

1. Alan E. Kazdin (ed.), *Encyclopedia of Psychology*, American Psychological Association, Oxford University Press, 2000.
2. H.J. Eysencks (ed.), *Encyclopedia of Psychology*, R. Meili Berne Search Press, London , 1972.
3. J. Corsini Raymond (ed.), *Encyclopedia of Psychology*, John Wiley and Sons, Inc., Canada, 1984.
4. W. Eysench Michael, (ed.), *The Blackwell Dictionary of Cognitive Psychology* , Basil Blackwell ltd., 1990.
5. Oliver Houde (ed.), *Dictionary of Cognitive Science*, Psychology Press Ltd., New York, 2004.

## সমকালীন পরিবেশ-নীতিশাস্ত্রের রূপরেখা

ড. সন্তোষ কুমার পাল

লেভাস্ত বুকস, কলকাতা \* পরিবেশক : শরৎ বুক ডিস্ট্রিবিউটরস, কলকাতা

জুন ২০০৮

মানুষ ও মানুষ-ভিন্ন প্রাণী-অপ্রাণী নিয়ে যে পরিবেশ — এই দুয়ের সম্বন্ধ ও সম্বন্ধমূলক ক্রিয়া-প্রতিক্রিয়ার আদর্শনিষ্ঠ দিকগুলি আলোকিত করতে চায় পরিবেশ-নীতিশাস্ত্র। পরিবেশ বিষয়ে নৈতিক সচেতনতা প্রাচীনকাল থেকেই পাশ্চাত্য এবং ভারতীয় অনেক দার্শনিকের চিন্তায় এসেছে, বিশেষত যারা সমাজ, রাষ্ট্র ইত্যাদি বিষয়ে ভাবনাচিন্তা করেছেন। তবে আজকের দিনের যে পরিবেশ-নীতিশাস্ত্রের কথা বলা হয়, তা সময়ের দাবিতে এসেছে। ১৯৫০-৬০ থেকেই এর বিশেষ বিকশি ঘটেছে। যন্ত্রবিজ্ঞানের দ্রুত উন্নতি - বন, বসতি, নদী, পাহাড় ইত্যাদির বিলোপ ঘটিয়ে শিল্পস্থাপন এবং শিল্পের বর্জ্য পদার্থের দ্বারা পরিবেশ দূষণ — এই সবার পরিপ্রেক্ষিতে প্রাকৃতিক পরিবেশের প্রতি মানুষের নৈতিক দায়বদ্ধতার কথা ঘোষিত হয়েছে বিভিন্ন বিষয়ের বিশিষ্ট বিজ্ঞানী এবং বিশেষত পরিবেশ-বিজ্ঞানীদের কণ্ঠ থেকে। তাই গ্রাম বসুন্ধরা দিবসের সম্মেলনে (১৯৭০) এইসব বিজ্ঞানী এমন ঘোষণা করলেন যে মানুষের মধ্যে পরিবেশসচেতনতা জাগানোর জন্য এখন দার্শনিকদেরই এগিয়ে আসা উচিত। আমেরিকার বাস্তুবিজ্ঞানী আলদো লিউপলদের ‘এ স্যাণ্ড কান্ট্রি অ্যালমানাক’ প্রকাশের (১৯৪৯) পর থেকেই ইউরোপ-আমেরিকায় পরিবেশ রক্ষা বিষয়ে একটি বৌদ্ধিক পরিবেশ গড়ে উঠেছিল। তারপর পরিবেশ-নিধন বিষয়ে মানুষের দায়িত্বহীনতা বিষয়ে যখন সোচ্চার হলেন র্যাচেল কারসন তাঁর বিখ্যাত গ্রন্থ ‘সাইলেন্ট স্প্রিং’-এ, তখন উদ্ভিখিত পরিবেশ আরও সংগঠিত হল। এইসব গ্রন্থ ও আরও কিছু প্রবন্ধের সূত্রে গড়ে উঠল পরিবেশ-নীতিশাস্ত্র, যাকে আমরা সমকালীন পরিবেশ-নীতিশাস্ত্র বলতে পারি। এই সমকালীন পরিবেশ-নীতিশাস্ত্র বিষয়ে বহু গ্রন্থ, প্রবন্ধ নিয়মিত প্রকাশিত হচ্ছে ১৯৭০ থেকে পাশ্চাত্য দেশগুলিতে। তুলনায় আমাদের ভারতবর্ষে এই বিষয়ে তেমন বইপত্র, প্রবন্ধ ইত্যাদি প্রকাশিত হয়নি। বাংলা ভাষায় এই বিষয়ে সম্পূর্ণ স্বতন্ত্র কোন গ্রন্থ ছিল না। ড. সন্তোষ কুমার পাল সেই অভাব দূর করলেন।

ড. সন্তোষ কুমার পালের গ্রন্থটির নাম সমকালীন পরিবেশ-নীতিশাস্ত্রের রূপরেখা। রূপরেখা অবশ্যই, কারণ ইউরোপ-আমেরিকায়, এমন কি আফ্রিকা মহাদেশের বিভিন্ন দেশেও পরিবেশ-নীতিশাস্ত্র বিষয়ে যে ব্যাপক আলোচনা হচ্ছে, তর্ক-বিতর্ক চলেছে, বিভিন্ন দিক উদ্ভাসিত হচ্ছে — তার পরিপ্রেক্ষিতে ১৩৭ পৃষ্ঠায় রূপরেখাই দেওয়া যায়।

মুখবন্ধ বাদে দশটি সঙ্গতিপূর্ণ অধ্যায় আছে ড. পালের সমকালীন পরিবেশ-নীতিশাস্ত্রের রূপরেখায়। অধ্যায়গুলি হল : ১) অবতরণিকা : সমকালীন পরিবেশ - নীতিশাস্ত্রের পুনরুত্থান, ২) মানবকেন্দ্রিকতাবাদ, ৩) প্রজাতিবাদ; ৪) প্রাণকেন্দ্রিকতাবাদ, ৫) প্রাণীকূলের নৈতিক মর্যাদা, ৬) বাস্তুকেন্দ্রিকতাবাদ, ৭) বাস্তুকেন্দ্রিকতাবাদের পর্যালোচনা, ৮) বাস্তু-নারীবাদ, ৯) ভারতীয় পরিবেশ-নীতি

: বাস্তব-অধ্যাত্মবাদ এবং ১০) সিদ্ধান্তনুগ পর্যবেক্ষণ।

অবতরণিকা অংশে খুব স্বচ্ছভাবে সমকালীন পরিবেশ-নীতিশাস্ত্রের উদ্ভব ও বিকাশ আলোচিত হ'য়েছে। সংক্ষিপ্ত হলেও যথেষ্ট তথ্যপূর্ণ আলোচনাটি। মানবকেন্দ্রিকতাবাদ অংশে সুন্দরভাবে এই মতবাদটির উৎপত্তি ও মানুষের চিন্তাজগতে আধিপত্য বিবৃত হয়েছে। ড. পাল স্বীকার করেছেন মানবকেন্দ্রিকতাবাদ বেশ জোরালো মতবাদ হলেও নৈতিক বিচারে এই মতবাদ আমাদের নৈতিক অঙ্কত্বকেই প্রকাশ করে। প্রজাতিবাদ অধ্যায়টি মানবকেন্দ্রিকতাবাদ অধ্যায়ের সঙ্গে সঙ্গতিপূর্ণ হ'য়েছে। প্রজাতিবাদ বিষয়ে এই আলোচনাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। পরিবেশ-নীতিশাস্ত্রের বিভিন্ন বিদেশী গ্রন্থেও সর্বত্র প্রজাতিবাদের ওপর স্বতন্ত্রভাবে আলোকপাত করা হয় না। অথচ মানবকেন্দ্রিকতাবাদের সংপৃক্ত প্রজাতিবাদও আমাদের বিচারের বিষয় হওয়া উচিত। ড. পাল এই দিকটি গুরুত্ব সহকারে আলোচনা করে ভালো কাজ করেছেন।

প্রজাতিবাদী মানবকেন্দ্রিকতাবাদের বিরোধিতা করে যে মানব-অকেন্দ্রিক মতবাদগুলি সমকালীন পরিবেশ-নীতিশাস্ত্রে ব্যাপকভাবে পর্যালোচনার বিষয় হ'য়েছে, তার মধ্যে অন্যতম প্রাণকেন্দ্রিকতাবাদ। প্রাণকেন্দ্রিকতাবাদ অধ্যায়ে রিচার্ড রুটলি, আলবার্ট সোয়াইৎজার, পল টেলর, হোমস রলস্টন-এ রবিন আটফিল্ড, পিটার সিঙ্গার, টম রেগন প্রমুখের মত সংক্ষেপে ব্যাখ্যা করে ড. পাল প্রাণকেন্দ্রিকতাবাদকে আলোকিত করেছেন।

প্রাণকেন্দ্রিকতাবাদের সহিত সংগতিপূর্ণ হ'য়ে এসেছে প্রাণীকুলের নৈতিক মর্যাদা অধ্যায়টি। বেস্থামের উপকেন্দ্রিকতাবাদ থেকে শুরু করে টম রেগনের প্রাণী-অধিকারতত্ত্ব এবং পিটার সিঙ্গারের প্রাণী-মুক্তি আন্দোলনের তত্ত্ব ও পছন্দ - উপযোগবাদ বিশদ ও যুক্তিগ্রাহ্যভাবে বিবৃত হয়েছে অধ্যায়টিতে। প্রাসঙ্গিকভাবে এসেছে অ্যারিস্টটলের ভার্টু এথিক্স বা সদগুণের নীতিতত্ত্বও, যেখানে বলা হচ্ছে আমাদের নৈতিক জীবনে যথার্থ সদগুণের অধিকারী হতে পারলে আমরা উপলব্ধি করতে পারব যে প্রাণীপীড়ন কতদূর অমানবিক কাজ।

বাস্তবকেন্দ্রিকতাবাদ সাম্প্রতিককালের একটি বল্চর্চিত মানব-অকেন্দ্রিক পরিবেশ-নীতিশাস্ত্র-বিষয়ক মতবাদ, যা প্রধানত অলডো লিওপল্ডের ভূমি-নীতিতত্ত্ব এবং আর্নে নেস ও জর্জ সেশনস্ প্রমুখের গভীর বাস্তববাদের উপর প্রতিষ্ঠিত। লিওপল্ডের ভূমি-নীতিতত্ত্বকেই অন্য দৃষ্টিভঙ্গীতে আরো বিশদভাবে বিশ্লেষণ করেছেন নেস প্রমুখ গভীর বাস্তববাদের সমর্থকগণ। গভীর বাস্তববাদ একপ্রকার আত্ম-উপলব্ধির কথা বলে, যেখানে সমগ্র প্রকৃতির সঙ্গে মানবাত্মার একাত্মবোধের উপর গুরুত্ব দেওয়া হয়। তবে একাত্মবোধের উপর গুরুত্ব দেওয়া হয়। তবে গভীর বাস্তববাদে যে অধ্যাত্মবাদের ইঙ্গিত পেয়েছেন, তার থেকে ড. পালের মনে এমন ইঙ্গিত পেয়েছেন, তার থেকে ড. পালের মনে এমন আশঙ্কা এসেছে যে, এই অধ্যাত্মবাদ কী করে সম্পূর্ণ মানব-অকেন্দ্রিক হবে? আশঙ্কাটি নিশ্চিত বিতর্কের অপেক্ষা রাখে। বাস্তবকেন্দ্রিকতাবাদ অধ্যায়ের শেষে এই আশঙ্কা উত্থাপন করে ড. পাল বাস্তবকেন্দ্রিকতাবাদের পর্যালোচনা অধ্যায়ে চলে গিয়েছেন।

বাস্তবকেন্দ্রিকতাবাদের পর্যালোচনা অধ্যায়ে অত্যন্ত দৃঢ়ভাবে মতবাদটির বিচার করেছেন ড.



পাল। বাস্তবিক্রমিকতাবাদের তাত্ত্বিক ভিত্তির দুর্বলতা দেখিয়ে তিনি মূরের প্রকৃতিবাদের আলোকে বাস্তববাদী নীতিতত্ত্বের সম্ভাবনাকে উড়িয়ে দিয়েছেন। আবার গভীর বাস্তবাদের প্রাণমণ্ডলের সমতাবাদও তাঁর কাছে গ্রহণযোগ্য হয়নি, যেহেতু নির্বিচার প্রজ্ঞাতিবাদকে যুক্তিসঙ্গতভাবে সমর্থন করা যায় না। আরও কথা, বাস্তববাদীদের মতে মানুষ ও প্রকৃতির বিভাজনে যে বৃহত্তর রাজনৈতিক উৎস রয়েছে, তা বাস্তববাদীরা উপলব্ধি করতে পারেন না। এমন কি, কারো মতে বাস্তববাদ, বিশেষত গভীর বাস্তববাদ একটি প্রতিক্রিয়াশীল দর্শন। এই মতবাদ প্রচারের দ্বারা একপ্রকার সাংস্কৃতিক আধিপত্যবাদ প্রতিষ্ঠিত হচ্ছে দেশে দেশে। এইভাবে ড. পাল বিভিন্ন দার্শনিক ও পরিবেশনীতিশাস্ত্রীয় চিন্তাভাবনা, অবলম্বন করে বাস্তবাদের একটি নতিদীর্ঘ পুনর্বিচার করেছেন এখানে সার্থকভাবে।

বাস্তববাদীরা সাম্প্রতিককালের একটি আলোড়নসৃষ্টিকার আলোচ্য বিষয়, যদিও এই আলোড়ন পুরুষপ্রধান পরিবেশবিজ্ঞানী ও পরিবেশ-নীতিশাস্ত্রীদের এখনও তেমনভাবে আলোড়িত করে নি। কেবল বিশ্বের বৌদ্ধিক স্তরে তা সীমাবদ্ধ আছে। কিন্তু বাস্তববাদীদের যে কিছু সন্দর্ভক বক্তব্য আছে, তা ড. পাল দেখাতে পেরেছেন তাঁর গ্রন্থের বাস্তববাদী অধ্যায়ে। নারীর প্রতি পুরুষতাত্ত্বিক অবিচারের মানসিকতাই প্রাকৃতিক পরিবেশের শোষণ ও নিখনের উৎস - এই বাস্তববাদী সিদ্ধান্তকে নানা তত্ত্বের আলোকে পরীক্ষা করে এর সারবত্তা অন্বেষণের চেষ্টা করেছেন ড. পাল এই অধ্যায়ে। আলোচনাটি আর একটু বিস্তৃত হলে ভালো হত।

খুশী ভারতীয় দর্শন ও ধর্মান্তরিত্যে পরিবেশপ্রীতি ও পরিবেশরক্ষার যে চিন্তাধারা আছে, তার একটা মনোগ্রাহী পরিচয় দিয়েছেন ড. পাল ভারতীয় পরিবেশ-ভাবনার বাস্তব-অধ্যাবাদ অধ্যায়ে, খুব সংক্ষেপে। তিনি যথার্থ প্রতিষ্ঠা করতে চেয়েছেন যে প্রাচীন ভারতীয় মনীষীদের যে পরিবেশভাবনা তা সমকালীন পাক্কাভ্য গভীর বস্তুবাদীদের চেয়েও আরও বেশী প্রাণবন্ত, স্পষ্ট এবং ব্যাপক। প্রাসঙ্গিকভাবে হিন্দু ধর্মশাস্ত্র এবং বৌদ্ধ ও জৈন ধর্মশাস্ত্রের অহিংসানীতিও যে আধুনিক বাস্তবিক্রমিকতাবাদের পূর্বভাবী ভাবনা, তা-ও প্রমাণ করতে পেরেছেন গ্রন্থকার। তবে আরও অনেক বলার ছিল, পরিসরের কথা ভেবে হয়তো, বলতে পারেন নি।

গ্রন্থটির উল্লেখযোগ্য অধ্যায় সিদ্ধান্তানুগ পর্যবেক্ষণ সমাপ্তি অধ্যায়। ভবিষ্যৎ প্রজন্মের কথা ভেবে প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য রক্ষা করে উন্নয়নের যে ধারণা বর্তমানকালের বিশেষ আলোচ্য বিষয়, তারই পরিপ্রেক্ষিতে পরিবেশ-নীতিশাস্ত্রের বিভিন্ন মতবাদ তিনি অত্যন্ত বুদ্ধিমত্তার সঙ্গে বিচার বিতর্কিত হলেও সঠিক সিদ্ধান্তে এসেছেন যে “সনাতন ভারতীয় সংস্কৃতি যে বাস্তব-অধ্যাবাদের সম্মান দিয়েছে তাতে মন রাখিয়ে দিতে পারলে আমাদের পরিবেশ-ভাবনা সার্থক হবেই।”

কোথাও ভাষার আড়ম্বল্য হয়তো আছে। গ্রন্থটি রচনা করতে সাম্প্রতিককালে সংশ্লিষ্ট বিষয়ে প্রকাশিত এবং আমাদের দেশে লভ্য অধিকাংশ গ্রন্থই তিনি পাঠ করেছেন। প্রায় সবই বিদেশী ভাষার বই। সেগুলির ভাবনা স্বচ্ছভাবে ও সঠিকভাবে বাংলায় প্রকাশ করা সত্যিই দুর্লভ কাজ। এই দুর্লভ কাজে প্রতী হওয়ার জন্য ড. পালকে বাঙালী পাঠক হিসাবে অসংখ্য সাধুবাদ জানাই।

প্রভাত মিশ্র

